১)	৩৭ জেলা শহরে পানি সরবরাহ প্রকল্প জিওবি ৮৯৯০০.০০ লক্ষ ডিসেম্বর ২০১০-জুন/২০২০	১) বিদ্যামান পানি সরবরাহ স্থাপনাদি পূর্ণবাসন ও সম্প্রসারণ। ২) পানি সরবরাহ ব্যবস্থার স্থায়িত্বের জন্য সচেতনতা বৃদ্ধি। ৩) নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার কভারেজ বৃদ্ধি।	১. উৎপাদক নলকূপ পুনরুজ্জীবিতকরণ- ২. পাম্প হাউজ প্রতিস্থাপন ৩. পাইপ লাইন স্থাপন (বিভিন্ন ডায়া) ৪. ওয়াটার পয়েন্ট	২০ টি ৪৫ টি ২০০কিঃমিঃ ৫০ টি	৬৫০০.০০	১২ টি ৪২ টি ১৭০ কিঃমিঃ ৫০ টি	৬০৫৯.৪১
২)	থানা সদর ও গ্রোথসেন্টারে অবস্থিত পৌরসভা সমূহে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প (২য় পর্ব) জিওবি ৩১০২৬.২৭ লক্ষ জুলাই/২০১২-জুন/২০২০	১) প্রকল্প এলাকায় বসবাসরত জনসাধারণের জন্য নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরণের মাধ্যমে তাদের জীবনযাত্রার মান উন্নতকরণ। ২) নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশসম্মত স্যানিটেশনের মাধ্যমে ডায়ারিয়া ও অন্যান্য পানিবাহিত রোগ হ্রাসকরন।	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন ২. পানির উৎস স্থাপন ৩. উৎপাদক নলকূপ স্থাপন ৪. পাম্প হাউস নির্মাণ ৫. পাইপ লাইন স্থাপন (বিভিন্ন ডায়া) ৬. পাবলিক টয়লেট নির্মাণ ৭. পানি শোধনাগার (আংশিক)	১১টি ৬২ টি ৪ টি ১১ টি ১৬৫কিঃমিঃ ০৮ টি ১৫ টি	৭০০০.০০	০৮ টি ৫০ টি ২ টি ০৮ টি ১১৫কিঃমিঃ ০৬ টি ১০ টি	৪৫৪৭.০৪
৩)	গ্রাউন্ড ওয়াটার ইনভেস্টিগেশন এন্ড ডেভেলপমেন্ট অব ডীপ গ্রাউন্ড ওয়াটার সোর্স ইন আরবান এন্ড রুরাল এরিয়াস ইন বাংলাদেশ ১০৩৫২.৯৩ লক্ষ জুলাই/২০১৩-জুন/২০১৯	১) আর্সেনিক আক্রান্ত যেসব এলাকায় পাথুরে মাটির কারণে গভীর নলকূপ খনন করা কষ্টসাধ্য, সেসব এলাকায় গভীর নলকূপ খনন করা। ২) গভীর নলকূপ কনন প্রযুক্তিতে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ক্ষমতা বৃদ্ধিকরণ। ৩) প্রকল্প এলাকাঃ মানিকগঞ্জ, রাজবাড়ি, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, কুষ্টিয়া/মেহেরপুর, চাঁপাইনবাবগঞ্জ, পাবনা জেলাসমূহের পৌর এলাকা ও বিভিন্ন গ্রাম।	১. হ্যান্ড টিউবওয়েল স্থাপন ২. উৎপাদক নলকূপ স্থাপন	১৯ টি ১২ টি	২৯১০	১৬ ১১	২৯০৯.৪৭
৪)	৪০ পৌরসভা ও গ্রোথসেন্টারে পানি সরবরাহ এবং এনভাইরনমেন্টাল স্যানিটেশন (দ্বিতীয় পর্যায়) প্রকল্প ২২৮৮২৫.২৯ লক্ষ জানুয়ারি/২০১৪-জুন/২০১৯	১) বিদ্যামান পানি সরবরাহ স্থাপনাদি পূর্ণবাসন ও সম্প্রসারণ। ২) পানি সরবরাহ ব্যবস্থার স্থায়িত্বের জন্য সচেতনতা বৃদ্ধি। ৩) নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার কভারেজ বৃদ্ধি।	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন ২. পাইপ লাইন স্থাপন/বিভিন্ন ব্যাসের), কিঃমিঃ ৩. উৎপাদক নলকূপ স্থাপন, ৪. পাম্প হাউজ নির্মাণ ৫. পানির উৎস ৬. গৃহ সংযোগ	২০ টি ৭২কিঃমিঃ ০৮ টি ২১ টি ৩০০ টি ৩০০০ টি	৪০০০.০০	২০টি ৮০কিঃমিঃ ০৮ টি ২১ টি ৩০০ টি ৩০০০ টি	৩৯৪৮.৯০০
৫)	পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যশিক্ষা প্রকল্প (১ম সংশোধিত) ৪৫৩০৮.২১ লক্ষ জানুয়ারি /২০১৫-জুন//২০১৯	আর্সেনিক, লবনাক্ততা, পানির দুষ্প্রাপ্যতা রয়েছে এমন এলাকা সমূহে নিরাপদ পানি সরবরাহ হতদরিদ্র জনগণের মধ্যে পয়ঃনিস্কাশন ব্যবস্থাসহ স্বাস্থ্যবিধি ব্যাপক প্রচার ঘটানো এবং উন্মুক্ত স্থানে মলত্যাগের হার, হ্রাস করণ কার্যক্রমের মাধ্যমে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার আর্ন্তজাতিক ও জাতীয় লক্ষ্যমাত্রা অর্জনে ভূমিকা রাখা।	১. বিভিন্ন ধরনের নলকূপ ২. শেয়ারড্ ল্যাট্রিন	৯৪৩ টি ১৭৭৫ টি	৫৭০০.০০	৮৬৩ টি ১৭৭০ টি	৫৬৮০.৮৩
৬)	পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্প ৮৩৯৮৭.১৬ লক্ষ জানুয়ারী/২০১৬-ডিসেম্বর/২০১৯	সমগ্র দেশে গ্রামীণ পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণের মাধ্যমে পানি বাহিত এবং পানি সংক্রান্ত রোগ-হ্রাস করে গ্রামীণ জনগণের সার্বিক অর্থনৈতিক উন্নয়নে অবদানে রাখা, নিরাপদ পানির উৎস স্থাপনের মাধ্যমে পল্লী এলাকায় পানি	১. বিভিন্ন ধরনের নলকূপ	৯০৬৯টি	৯৮৯১.০০	৯১১১টি	৯৮৩৪.০২

ক্রম	প্রকল্পের নাম / অর্থায়নের উৎস / আর্থিক সংশ্লেষ / সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্থ বছরে বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
		সরবরাহ কভারেজ বৃদ্ধি করণ এবং প্রকৃতিক ক্ষয়ক্ষতি, প্রাকৃতিক দুর্যোগ, ও অন্যান্য সমস্যার সময় পানি সরবরাহের কভারেজ টিকিয়ে রাখা।					
৭)	জাতীয় স্যানিটেশন প্রকল্প (৩য় পর্যায়) ১৪৯৯৫.৫২ লক্ষ মার্চ/২০১৬-জুন/২০১৯	১) চরম দুর্গম এলাকা হিসেবে চিহ্নিত জনগোষ্ঠীর জন্য পানি সরবরাহ কর। ২) হাওড়, উপকূলীয় এলাকা, বন্যা প্রবণ এলাকা এবং পাহাড়ি এলাকায় টেকসই স্যানিটেশন ব্যবস্থার মাধ্যমে লাগসই প্রযুক্তির উদ্ভাবন করা। ৩) উপজেলা পরিষদ এবং ইউনিয়ন পরিষদের সহায়তায় কমি্িুনিটি ল্যাট্রিন স্থাপনের মাধ্যমে কমিউনিটি লোকজনের জন্য টেকসই স্যানিটেশন ব্যবস্্যথা নিশ্চিত করা। ৪) সচেতনতা বৃদ্ধির মাধ্যমে ব্যক্তিগত স্বাস্থ্য পরিচর্য়ার মান উন্নয়ন করা। ৫)সকলের জন্য টেকসই স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করার মাধ্যমে ভবিষ্যৎ প্রজন্মের কাছে পরিচ্ছন্ন পরিবেশের গুরুত্ব আরাপ করা।	১. কমিউনিটি জনগণের জন্য পানি সরবরাহ ব্যবস্থা সহ টয়লেট নির্মাণ - ২. পাবলিক টয়লেট নির্মাণ- ৩. স্বল্প মূল্যের স্যানিটারি সেট নির্মাণ- ৪. ইকো-সান টয়লেট নির্মাণ-	৭৫ টি ০৪ টি ৩৫০০০ টি ৩০ টি	১৩৫৭.০০	৭৫ টি ০৪ টি ৩৫০০০ টি ৩০ টি	১২০৯.৪৯
৮)	পানি সংরক্ষণ ও নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে জেলা পরিষদের পুকুর/দিঘি/জলাশয়সমূহ পুনঃখনন/সংস্কার ৩৭৪৫০.৭১ লক্ষ সেপ্টেম্বর/২০১৬-জুন/২০২০	পুকুর/জলাধার সংরক্ষণের মাধ্যমে পরিবেশের উন্নয়নসহ টেকসই ও সুন্দর পরিবেশ গঠনে সাহায্য করা। ভূ-পৃষ্ঠস্থ পানির ব্যবহার বৃদ্ধি করতঃ ভূ-গর্ভস্থ পানি ব্যবহারের প্রবণতা হ্রাস করা ও ভূ-পৃষ্ঠস্থ পানিস্তরের উচ্চতা-হ্রাসকরন কমিয়ে আনা। পানিবাহিত ও পানীয় জল সংক্রান্ত বিভিন্ন রোগের প্রকোপ কমিয়ে আনার মাধ্যমে গ্রামীন জনসাধারণের সামগ্রীক অর্থনৈতিক উন্নয়ন সাধন।পিএসএফ স্থাপন সহ পুকুর সংরক্ষণের মাধ্যমে গ্রামীন পানি সরবরাহ কভারেজ বাড়ানো।	১. পুকুর পুনঃখনন স্কীম	২৭৫ টি	৬৫০০.০০	৪৮০ টি	৬৩৬৪.৮৩
৯)	কক্সবাজার শহরে পানি সরবরাহ ও স্যানিটেশনের উপর সম্ভবতা যাচাই ও উন্নয়ন প্রকল্প প্রণয়নের নিমিত্ত সমীক্ষা প্রকল্প ১৯৭.৮০ লক্ষ জানুয়ারী/২০১৭- ডিসেম্বর/২০১৮	কক্সবাজার শহরে পানি সরবরাহ ও স্যানিটেশনের উপর সম্ভাব্যতা যাচাই ও উন্নয়ন	-	-	১৬২.০০	-	৪৫.০০
১০)	বান্দরবান জেলার বিভিন্ন উপজেলায় নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ৪৫০৩.৯৯ লক্ষ জানুয়ারী/২০১৭- ডিসেম্বর/২০১৯	নিরাপদ পানি সরবরাহ	১. গভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত) - ২.রিং ওয়েল তৈরী-	৫১৫ টি ৬৩ টি	২২৫২.০০	১৭০ টি ২৬ টি	১৪৮৩.০০
১১)	গোপালগঞ্জ এবং বাগেরহাট পৌরসভার পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প	১) প্রকল্পের প্রধান উদ্দেশ্য হলো গোপালগঞ্জ এবং বাগেরহাট পৌরসভার জনগণের স্বাস্থ্য ও জীবনযাত্রার মান উন্নয়ন করা,	১.ডিট্রিবিউশন পাইপ লাইন (বিভিন্ন ডায়া) - ২. পাবলিক টয়লেট নির্মাণ-	৭৪কিঃমিঃ ৫ টি	৫০০০.০০	৪৮ কিঃমিঃ ৩ টি	৪৪৯৬.৯৩

ক্রম	প্রকল্পের নাম / অর্থায়নের উৎস / আর্থিক সংশ্লেষ / সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্থ বছরে বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	৪১৯৫.১২ লক্ষ জানুয়ারি/২০১৭- ডিসেম্বর/২০১৯	২) সংশ্লিষ্ট পৌরসভার পানি সরবরাহের আওতা বৃদ্ধি করা। ৩) পৌরসভার পয়ঃনিস্কাশন ও স্যানিটেশন সংক্রান্ত সুযোগ সুবিধা বৃদ্ধি করা। ৪) পানি সরবরাহ ও স্যানিটেশন শাখাসহ পৌরসভার পানি সরবরাহ ব্যবস্থাপনার সক্ষমতা বৃদ্ধি করা।					
১২)	রাঙ্গামাটি জেলার বিভিন্ন উপজেলায় নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন প্রকল্প ৪১৯৫.১২ লক্ষ জানুয়ারী/২০১৭- ডিসেম্বর/২০১৯	প্রত্যন্ত এলাকার জনসাধারণের জন্য নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা করা।	১. গভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত)- ২. রিং ওয়েল তৈরী (৬ নং হাত পাম্প যুক্ত)-	৫৬০ টি ১৩৮ টি	১৫০০.০০	৭৫০ টি ২২০ টি	১৪৯৪.৫৬
১৩)	খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজেলায় গ্রামীণ এলাকার জন্য নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ৪৪০৮.২৫ লক্ষ জানুয়ারী/২০১৭- ডিসেম্বর/২০১৯	প্রত্যন্ত এলাকার জনসাধারণের জন্য নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা করা।	১. গভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত)- ২. রিং ওয়েল তৈরী (৬ নং হাত পাম্প যুক্ত)- ৩. পানি সরবরাহ ব্যবস্থা সহ কমিউনিটি টয়লেট নির্মাণ-	৭১৭ টি ১০০ টি ২১ টি	১৮০০.০০	৭১৭ টি ১০০ টি ২১ টি	১৭৯৯.০০
১৪)	সাবেক ছিটমহল এলাকা সমূহকে বিশেষ গুরুত্ব প্রদানপূর্বক লালমনিরহাট, কুড়িগ্রাম, পঞ্চগড় ও নীলফামারী জেলায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ২৮৭৩.৫২ লক্ষ জানুয়ারী/২০১৬- ডিসেম্বর/২০১৯	Overall objective of this project is to fostering economic development for improving people's living standard in Lalmonirhat, Kurigram, Panchagarh and Nilphamari District Including the Ex Enclave areasof Bangladesh through increasing their access to safe drinking water and sanitation facilities.	১.অগভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত)- ২.ডাগ ওয়েল (৬ নং হাত পাম্প যুক্ত)- ৩. উন্নত স্যানিটারি টয়লেট নির্মাণ-	১৪২৫ টি ৫২৫ টি ৩৭০০ টি	১০০০.০০	১৩২৫ টি ২৫০ টি ২৯০০ টি	৯৫২.৪২
১৫)	সিরাজগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার উন্নতি সাধন প্রকল্প ৪৫৯৩.৪৬ লক্ষ জানুয়ারী/২০১৭- ডিসেম্বর/২০১৮	১) পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ করে মানুষের জীবনযাত্রার মান উন্নয়ন করা এবং এনভায়রনমেন্টাল স্যানিটেশন সুবিধা প্রদান করা। ২) নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে ডায়ারিয়া ও অন্যান্য পানি বাহিত রোগ-ব্যাধি কমিয়ে আনা।	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন ২. উৎপাদক নলকূপ স্থাপন	৮ টি ২টি	৭০০.০০	৮ টি ৪টি	৬১৩.৫৫

ক্রম	প্রকল্পের নাম / অর্থায়নের উৎস / আর্থিক সংশ্লেষ / সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
১৬)	জামালপুর জেলার তিনটি পৌরসভায় পানি সরবরাহ ও এনভায়রনমমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প ৭৬৮৫.০৭ লক্ষ জানুয়ারী/২০১৭-ডিসেম্বর/২০১৯	১) প্রকল্প এলাকার জনগণের জন্য সুপেয় পানি ও গৃহস্থলির কাজে ব্যবহার নিশ্চিতকরণ, ২) পাইপ লাইন নেটওর্য়াকের মাধ্যমে পৌর এলাকার নিরাপদ পানি সরবরাহ করনসহ কভারেজ বৃদ্ধি করণ, ৩) পাবলিক প্লেস ও স্যানিটেশন সুবিধা বৃদ্ধি করণ ৪) ড্রেনেজ সুবিধার উন্নতি করন সহ কঠিন বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি চালু করন	১. পাইপ লাইন ডিস্টিবিউশন (১০০ মিঃমিঃ)	৮০ কিঃমিঃ	২০০০.০০	৭৪ কিঃমিঃ	১৭৬০.৯৩
১৭)	নোয়াখালি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্প ৪৫৯৩.৯৩ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০২০	নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে নোয়াখালী পৌরসভার জনগণের স্বাস্থ্য ও জীবন-যাত্রার মানের উ্ননয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।	১. বিতরণ পাইপ লাইন(২০০ মি.মি)	৩৪ কি.মি. টি	৮৫০.০০	১১.৫০কি. মি.	৭৫০.০০
১৮)	টুঙ্গীপাড়া ও কোটালীপাড়া উপজেলা ও পৌরসভায় পানি সরবরাহ ব্যবস্থার উন্নয়ন ও সম্প্রসারণ প্রকল্প ৪৮৩৮.০১ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০১৯	১) টুঙ্গীপাড়া ও কোটালীপাড়া পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহের কভারেজ যথাক্রমে ৭০% ও ৬৫.৬% হতে ১০০% এ উন্নীতকরণ। ২) টুঙ্গীপাড়া ও কোটালীপাড়া উপজেলার গ্রামীণ এলাকায় নিরাপদ পানির ব্যবহার বৃদ্ধি করা। ৪) পৌরসভা ও ইউনিয়ন পরিষদের সক্ষমতা বৃদ্ধি করে পানি সরবরাহ ব্যবস্থার রক্ষণাবেক্ষণ ও সর্বাধুনিক ব্যবাহর নিশ্চিত করা।	১. বিতরণ পাইপ লাইন (২০০ মিঃমিঃ ও ১৫০ মিঃমিঃ ২.গভীর নলকূপ (৬ নং হাত পাম্প যুক্ত)-	১৭ কি.মি ১২০০ টি	২৫০০.০০	১৩ কিঃমিঃ ১২০০ টি	২২০০.০০
১৯)	বাংলাদেশের ২৩ টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ৯৯১৭৩.৪৭ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০২১	১) প্রকল্পভূক্ত পৌরসভাসমূহে পাইপ লাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার সূচনা করা। ২) এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতি সাধন, ৩) পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার জন্য পৌরসভার মাধ্যমে সাসটেইনেবল পরিচালনা ও রক্ষণাবেক্ষন পদ্ধতি উন্নয়ন করা।	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন	১২ টি	২০০০.০০	২ টি	৮৮৮.২৬
২০)	খুলনা, বাগেরহাট ও সাতক্ষীরা জেলার পল্লী এলাকার নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ৪৫৯৩.৪৬ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০১৯	লবনাক্ত ও আর্সেনিক প্রবন এলাকা ও সুবিধা বঞ্চিত খুলনা, বাগেরহাট, ও সাতক্ষীরা জেরার পল্লী এলাকায় নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে প্রকল্প এলাকার জনগণের স্বাস্থ্য ও জীবন-যাত্রার মানের উন্নয়ন করা।	১. রেইন ওয়াটার হার্ভেস্টিং ২. পিএসএফ ৩. গভীর নলকূপ স্থাপন ৪. পাইপ লাইন (বিভিন্ন ব্যাসের)	১৬৫০ টি ৪০ টি ৬৬৪ টি ২৪ কিঃমিঃ	১৫০০.০০	১৬৫০ টি ৪০টি ৬৬৪ টি ২৪ কিঃমিঃ	১৪০০.৮৭

ক্রম	প্রকল্পের নাম / অর্থায়নের উৎস / আর্থিক সংশ্লেষ / সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্থ বছরে বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
২১)	Study on Solid and Fecal Sludge Management System & design Railway and Waterway of Bangladesh (১ম সংশোধনী) ২৭৫.৭০ লক্ষ সেপ্টেম্বর/২০১৭-জুন/২০১৯	১)বাংলাদেশের জলপথ ও রেলপথের বর্তমান কঠিন বর্জ্য এবং মানব বর্জ্য ব্যবস্থাপনার মূল্যায়ন। ২)জলপথ ও রেলপথের জন্য বিদ্যমান আইনগত ও পলিসিগত ফ্রেমওয়ার্ক পর্যালোচনা। ৩)ট্রেন, লঞ্চ এবং ফেরীর কঠিন বর্জ্য এবং মানব বর্জ্য ব্যবস্থাপনার উপর সম্ভাব্যতা প্রতিবেদন প্রণয়ন। ৪) জলপথ ও রেলপথের জন্য কঠিন র্বজ্য এবং মানব বর্জ্য ব্যবস্থাপনার লক্ষ্যে যথাযথ প্রযুক্তি নিরূপণ।	-	-	২০১.০০	-	১৮৯.১৬
২২)	পটুয়াখালী জেলাধীন কুয়াকাটা পৌরসভায় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ৩৭৮৪.৯৭০ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০১৯	নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে পটুয়াখালী জেরাধীন কুয়াকাটা পৌরসভার জনগণের স্বাস্থ্য ও জীবনযাত্রার মানের উন্নয়ন করে টেকসই।	১.পরীক্ষামূলক নলকূপ ২.বিভিন্ন পানির উৎস স্থাপন-	৬ টি ১৫০টি	৭০০.০০	০৩ টি ৮০ টি - -	৬৩১.১৪
২৩)	পীরগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ও এনভায়রনমেন্টাল স্যানিটেশন ব্যবস্থার উন্নতিকরণ প্রকল্প ১৯৯২.২৬ লক্ষ জুলাই/২০১৭-জুন/২০১৯	১) পাইপড ওয়াটার সাপ্লাই কভারেজ ০% থেকে ৪০% এ উন্নীতকরণ। ২) জনসমাগমের স্থানে স্যানিটেশন ব্যবস্থা সম্প্রসারণ এবং কঠিন বর্জ্য ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা। ৩) পয়ঃনিস্কাশন সুবিধাদির উন্নয়ন	১. পরীক্ষামূলক নলকূপ	৩টি	২৩০.০০	৩টি	৬৮.৩৬
২৪)	পানি সরবরাহে আর্সেনিক ঝুকিঁ নিরসন প্রকল্প ১৯৯০৯৫.৫৪ লক্ষ জানুয়ারি/২০১৮-ডিসেম্বর/২০২১	ক)অতি মাত্রায় আর্সেনিক ঝুঁকিপূর্ণ এলাকাসমূহের জনগণের স্বাস্থ্য ও জীবনমান উন্নয়ন। খ) বিদ্যমান নলকূপের পানিতে আর্সেনিক দুষণের পরিমান নিরুপন। গ) প্রকল্পের এলাকায় আর্সেনিকমুক্ত নিরাপদ পানি সরবরাহকরণ। ঘ) স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহ ও সাধারণ জনগণের সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে নিরাপদ পানি পান নিশ্চিতকরন।	বিভিন্ন পানির উৎস স্থাপন-	১২৭৯৪ টি	৭৫০০.০০	১১৪০০ টি	৭৪৫৭.৩৪১
২৫)	অগ্রাধিকারমূলক গ্রামীন পানি সরবরাহ প্রকল্প ৮৭৪১৬.৫১ লক্ষ এপ্রিল/২০১৮-জুন/২০২১	নিরাপদ পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যেমে জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।	১.বিভিন্ন পানির উৎস স্থাপন- ২.পাবলিক টয়লেট-	৬০২৭১টি ১৬০ টি	৩৭২০০.০০	৬০২৭১টি ১৬০ টি	৩৭১৫০.০৮
২৬)	৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানব বর্জ্য ব্যবস্থাপনা সহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প ৭১২৬৪.৬২০ লক্ষ জানুয়ারি/২০১৮-জুন/২০২০	প্রকল্পের সামগ্রিক উদ্দেশ্য হচ্ছে নিরাপদ পানি সরবরাহ ও পরিবেশ গত স্যানিটেশন ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে বাংলাদেশের ৩২টি পৌরসভার জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।	১. পরীক্ষামূলক নলকূপ স্থাপন- ২.উৎপাদক নলকূপ স্থাপন- ৩.পাবলিক টয়লেট-	১৩০ টি ৫৫টি ১০টি	২৫০০.০০	১৩০ টি ৫৫টি ১০টি	২০৮৭.০০
২৭)	কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় পানি সরবরাহ ও স্যানিটেশন কাযক্রমে জরুরী সহায়তা প্রকল্প ৫৮৫৩৩.০১ লক্ষ	১.প্রকল্পরে মূখ্য উদ্দশ্যে হলো কক্সবাজার জেলার উখিয়া এবং টেকনাফ উপজলোর ৩২টি ক্যাম্পে বসবাসরত মিয়ানমার হতে জোরর্পূবক বিতাড়িত রোহঙ্গিা জনগোষ্ঠির উপর নেমে আসা	১) মিনি পাইপড ওয়াটার সাপ্লাই-	০৬ টি	১৯৭৫.০০	০৬ টি	১৬৯৮.৮৬

ক্রম	প্রকল্পের নাম / অর্থায়নের উৎস / আর্থিক সংশ্লেষ / সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্থ বছরে বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
	জুলাই/২০১৮-জুন/২০২১	প্রাকৃতিক দুযোগ নিরসনকল্পে সুপেয় পানি ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন; ২)ক্যাম্পে বসবাসরত জনগোষ্ঠীর জন্য পাইপড এবং নন-পাইপড পানির উৎসের মাধ্যমে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহরে ব্যবস্থা করা; ৩) ক্যাম্প সমূহে ফিকাল স্ল্যাজ ও কঠিন র্বজ্য ব্যবস্থাপনাসহ স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন; ৪)প্রকল্প এলাকাঃ কক্সবাজার জেলার উখিয়া ও টেকনাফ উপজেলায় পাইপড এবং নন-পাইপড পানির উৎসের মাধ্যমে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা করা।					
২৮)	পিরোজপুর জেলাধীন ভান্ডারিয়া উপজেলায় বিভিন্ন ইউনিয়নে নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ১৭৬৪.২৭০ লক্ষ জুলাই/২০১৮-জুন/২০২০	প্রকল্পাধীন লবনাক্ততা ও উপকূলীয় দুযোগ প্রবন এলাকাসমূহে লবনমুক্ত নিরাপদ পানি সরবরাহ নিশ্চিতকরন এবং প্রকল্প এলাকায় গ্রামণি পানি সরবরাহ কভারেজ বৃদ্ধিকরন	১) গভীর নলকূপ স্থাপন-	৪৫০ টি	১০০.০০	২৬০ টি	৯৯.৯৫০
২৯)	রাজশাহী,নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ জেলাধীন নিম্ন পানিস্তর এলাকায় কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ শীর্ষক প্রকল্প ৩২১৯.১৪ লক্ষ জুলাই/২০১৮-জুন/২০২০	১. কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে প্রকল্প এলাকার জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা। ২.প্রকল্প এলাকায় বসবাসকারী জনগণের জন্যপান ও গৃহস্থালী কাজে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা।	বিভিন্ন গভীরতার সাবমারসিবল পাম্প সহযোগে কমিউনিটি ভিত্তিক পানি সরবরাহ ইউনিট স্থাপন	৪৫২ টি	১০০০.০০	৩৮২ টি	৯৯৫.১৮
৩০)	ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়ন ৪০৯০.২১ লক্ষ অক্টোবর/২০১৮- ডিসেম্বর/২০২০	নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সম্প্রসারণ ও উন্নয়নের মাধ্যমে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ পৌরসভায় বসবাসরত জনগণের স্বাস্থ্য ও জীবন যাত্রার মানের উন্নয়ন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সহায়ক ভূমিকা পালন করা।	১.উৎপাদক নলকূপ স্থাপন- ২.পরীক্ষামূলক নলকূপ স্থাপন- ৩.কমিউনিটি ল্যাট্রিন স্থাপন-	০২টি ০৪টি ১৫টি	২০০.০০	০১ টি ০২টি ১০টি	২০০.০০
৩১)	চা বাগানের কর্মীদের জন্য নিরাপদ সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প ৬২১৪.৪৭ লক্ষ জুলাই/২০১৮-জুন/২০২০	ক) চা বাগানের কর্মীদের জন্য রান্নাবান্না ও গৃহস্থালী কাজে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করন, খ) চা বাগানের কর্মীদের জন্য স্যানিটেশন ব্যবস্থা করা গ) চা বাগানের কর্মীদের মধ্যে স্বাস্থ্য ও হাইজিন প্রমোশনের ব্যাপারে সচেতনতা বৃদ্ধি ।	-	-	১০০.০০	-	১০০.০০
৩২)	ভূ-উপরিস্থিত পানি পরিশোধনের মাধ্যমে রাঙ্গামাটি, বাগেরহাট ও ফরিদপুর জেলায় নিরাপদ পানি সরবরাহ প্রকল্প ৪৮০৭.৬৩ লক্ষ অক্টোবর/২০১৮-জুন/২০২০	গ্রামীণ এলাকা (রাঙ্গামাটি, বাগেরহাট ও ফরিদপুর জেলা) জনগণের নিরাপদ সুপেয় পানির প্রাপ্যতা নিশ্চিতকরণের মাধ্যমে তাদের পানি বাহিত বিভিন্ন প্রকার রোগ বালাই হতে দূর রাখা এবং সেই সাথে তাদের স্বাস্থ্যওজীবন যাত্রার মানের উন্নয়ন।	-	-	৩৭২.০০	-	৩১৯.৯৩

ক্রম	প্রকল্পের নাম / অর্থায়নের উৎস / আর্থিক সংশ্লেষ / সমাপ্তিকাল	প্রকল্পের উদ্দেশ্য	চলতি অর্ত বছরে বাস্তবায়িত কার্যক্রমের বিবরণ	লক্ষ্যমাত্রা		অগ্রগতি	
				বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
৩৩)	জরুরী ভিত্তিতে রোহিঙ্গা সংকট মোকাবিলায় মাল্টি-সেক্টর প্রকল্প ২৬৪৭৩.০০লক্ষ ডিসেম্বর/২০১৮-নভেম্বর/২০২১	ক) ক্যাম্পে বসবাস কারী জনগোষ্ঠীর জন্য পাইপড এবং নন-পাইপড পানির উৎসের মাধ্যমে নিরাপদ ও সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা করা খ)ক্যাম্প সমূহে ফিক্যাল স্লাজ ও কঠিন বর্জ্য ব্যবস্থাপনা সহ স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন গ) নারী পুরুষের সমতায়নের ভিত্তিতে পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন।	-	-	১২২০.০০	-	৯২৯.৯০
৩৪)	পানি সরবরাহ সংক্রান্ত সামগ্রিক ব্যবস্থাপনা দক্ষতা উন্নয়ন প্রকল্প ৩৯২৮.৮২ লক্ষ নভেম্বর/২০১৪-জুন/২০২০	১) বাংলাদেশের গ্রামীণ এলাকায় পানির সরবরাহের জন্য কম্প্রিহেনসিভ টেকনিক্যাল পাইপলাইন প্রণয়ন। ২) পৌর গ্রামীণ এলাকায় পানির সরবরাহ ব্যবস্থার ডাটাবেইস শক্তিশালীকরণ এবং মধ্যম ও দীর্ঘমেয়াদি পরিকল্পনা প্রণয়নের সময় তা কাজে লাগানো।	-	-	৭৫৩.০০	-	৭১১.৭৬
৩৫)	প্রস্তাবিত বাংলাদেশ পৌর পানি সরবরাহ এবং স্যানিটেশন প্রকল্প প্রণয়ন ৯১০.০০ লক্ষ জানুয়ারী/২০১৮-জুন/২০১৯	১) নির্বাচিত পৌরসভাসমূহে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার সামাজিক ও পরিবেশগত প্রভাব মূল্যায়নের জন্য সমীক্ষা প্রতিবেদন প্রস্তুত করণ। ২) নির্বাচিত পৌরসভা সমূহের সমীক্ষা প্রতিবেদন ও বিস্তারিত ড্রইং-ডিজাইন প্রস্তুত করণ। ৩) প্রস্তাবিত বিনিয়োগ প্রকল্প বাস্তবায়নের জন্য প্রস্তুতিমূলক কার্যক্রম সম্পন্ন করণ।	১. পৌরসভার জন্য ফিজিবিলিটি স্টাডি এনভায়রনমেন্টাল ব্যবস্থাপনা ২.সোসাল এসেসমেন্ট আরএপি ও পুনবাসন ফ্রেমওর্য়াক প্রস্তুত-	১ টি ১ টি	৭৯৬.০০	১ টি ১ টি	৭২৭.২২

৭.০ তথ্য প্রাপ্তি ও আপীল সংক্রান্ত তথ্য:

৭.১ তথ্য প্রাপ্তির জন্য আবেদন ফরম:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির জন্য আবেদনকারীকে তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর তফসিলে বর্নিত ফরম "ক" অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট লিখিতভাবে বা ইলেক্ট্রনিক মাধ্যম বা ই-মেইলে আবেদন করতে পারবেন। ফরম "ক" পরিশিষ্টে সংযুক্ত করা হলো।

৭.২ তথ্য প্রাপ্তি সংক্রান্ত তথ্য:

২০১৮-১৯ অর্থবছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে তথ্য প্রাপ্তি সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

ক্রমিক নং	বিষয়	বিবরণ	মন্তব্য
১	তথ্য প্রাপ্তির জন্য আবেদনের সংখ্যা	৪	
২	আবেদনে প্রার্থিত তথ্যের বিবরণ		
৩	আবেদনের বর্তমান অবস্থা		

৭.৩ তথ্য প্রদান ইউনিটের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

প্রোগ্রামার
এম আই এস ইউনিট,জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী,কাকরাইল,ঢাকা।
ফোন: ০২-৯৩৩৭৩২৭
E-mail: programmer@dphe.gov.bd

৭.৪ আপীল আবেদনের জন্য আপীল আবেদনপত্র ফরম:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সংশ্লিষ্ট তথ্য প্রাপ্তির ক্ষেত্রে আপীল কর্তৃপক্ষের নিকট তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর তফসিলে বর্নিত ফরম "গ" অনুযায়ী সংক্ষুব্ধ ব্যক্তি আপীল আবেদন করবেন। ফরম "গ" পরিশিষ্টে সংযুক্ত করা হলো।

৭.৫ আপীল আবেদনের তথ্য:

২০১৮-১৯ অর্থবছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে আপীল আবেদনের তথ্য নিম্নরূপ:

ক্রমিক নং	বিষয়	বিবরণ	মন্তব্য
১	আপীল আবেদনের সংখ্যা	-	
২	আপীলের সংক্ষিপ্ত বিবরণ	-	
৩	আপীল আবেদনের বর্তমান অবস্থা	-	
৪	কমিশনে দায়েরকৃত অভিযোগ	-	

৭.৬ আপীল আবেদনের তথ্য:

তথ্য প্রদান ইউনিটের আপীল কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলী

পিএন্ডসি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা।

ফোন: ০২-৯৩৪৩৩৬৩, E-mail:ee.pnc@dphe.gov.bd

৭.৭ বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য:

ফোকাল পয়েন্ট

নির্বাহী প্রকৌশলী

ভান্ডার বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

সেগুন বাগিচা,ঢাকা।

ফোন: ০২-৯৫৫৩১০৭, E-mail: ee.storedhaka@dphe.gov.bd

২০১৮-১৯ অর্থবছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে পুঞ্জীকৃত মোট বিভাগীয় মামলা	২০১৮-১৯ অর্থবছরে বিভাগীয় মামলা নিষ্পত্তির সংখ্যা			বর্তমানে অনিষ্পত্তিকৃত বিভাগীয় মামলার সংখ্যা
	চাকুরি চ্যুতি/ বরখাস্ত	অন্যান্য দণ্ড	অব্যাহতি	
১	২	৩	৪	৫
১৭ টি	-	৭ টি	-	১০টি

৭.৮ ই-ডাউনলোডঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইট (Website) www.dphe.gov.bd –এ ডাউনলোডের জন্য যে সমস্ত ডকুমেন্ট (Document) দেয়া আছে তার একটি তালিকা নিম্নে দেয়া হলোঃ

ক্রম	বিষয়	ডকুমেন্ট টাইপ	ওয়েবসাইট লিঙ্ক
১	সাংগঠনিক কাঠামো/ Organogram	পিডিএফ (*.pdf)	http://www.dphe.gov.bd/download/organogram.pdf
২	বার্ষিক প্রতিবেদন (Annual Report)	পিডিএফ (*.pdf)	https://www.dphe.gov.bd/index.php?option=com_content&view=article&id=120&Itemid=127
৩	নিউজলেটার	পিডিএফ (*.pdf)	https://www.dphe.gov.bd/index.php?option=com_content&view=article&id=118&Itemid=128
৪	প্রকাশনা সমূহ	পিডিএফ (*.pdf)	https://www.dphe.gov.bd/index.php?option=com_content&view=article&id=119&Itemid=129
৫	Caretaker's Maintanance / Training Manual	পিডিএফ (*.pdf)	https://www.dphe.gov.bd/index.php?option=com_content&view=article&id=176&Itemid=192
৬	Water Points Status Reports	পিডিএফ (*.pdf)	https://www.dphe.gov.bd/index.php?option=com_content&view=article&id=171&Itemid=190
৭	National Policy for Safe Water Supply and Sanitation 1998	পিডিএফ (*.pdf)	http://www.dphe.gov.bd/pdf/National-Policy-for-Safe-Water-Supply-&-Sanitation-1998.pdf
৮	National Policy for Arsenic Mitigation 2004	পিডিএফ (*.pdf)	http://www.dphe.gov.bd/pdf/National-Policy-for-Arsenic-Mitigation-2004.pdf
৯	National Sanitation Strategy (2005)	পিডিএফ (*.pdf)	http://www.dphe.gov.bd/pdf/MR11_SanitationStrategy.pdf
১০	Union Wise Water Technology Mapping – [Dhaka Circle]"- November-2008	পিডিএফ (*.pdf)	http://www.dphe.gov.bd/pdf/publications/UnionWiseWaterTechnologyMapping_Dhaka.pdf
১১	Union Wise Water Technology Mapping	পিডিএফ (*.pdf)	https://www.dphe.gov.bd/index.php?option=com_content&view=article&id=119&Itemid=129
১২	Application Format for Tubewell	পিডিএফ (*.pdf)	https://www.dphe.gov.bd/download/TW-%20Appliction.pdf

৮.০ ২০১৮-১৯ অর্থবছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নকৃত গ্রামীণ ও পৌর পানি সরবরাহ এবং স্যানিটেশন কার্যক্রম

পানি সরবরাহ

৮.১ গ্রামীণ পানি সরবরাহ

বাংলাদেশের গ্রামীণ পানি সরবরাহ ব্যবস্থা মূলতঃ ভূ-গর্ভস্থ উৎস-নির্ভর। নব্বই দশকের প্রথমার্ধে দেশের বিভিন্ন অঞ্চলের ভূগর্ভস্থ পানিতে আর্সেনিক দূষণ পরিলক্ষিত হওয়ার কারণে নিরাপদ পানি সরবরাহ কার্যক্রম বাধাগ্রস্ত হয়। ভূগর্ভস্থ পানিতে আর্সেনিকের উপস্থিতির কারণে নিরাপদ পানি সরবরাহ কভারেজ ২০০১ সালে ৯% হতে ৭৪% এ নেমে আসে।

বর্তমানে পল্লী এলাকায় প্রতি ৮৫ জনের জন্য একটি সরকারী নিরাপদ খাবার পানির উৎস রয়েছে এবং দেশের প্রায় প্রতিটি মানুষ নিরাপদ পানি পান করে। গ্রামাঞ্চলে পানি সরবরাহের স্বীকৃত মান হল যে কোন আবাস গৃহের ১৫০ মিটার (৫০০ ফুট) এর মধ্যে একটি নিরাপদ খাবার পানির উৎস থাকবে। সে হিসাবে বর্তমানে পানি সরবরাহ কভারেজ ৮৭%। আর্সেনিক আক্রান্ত Unserved এবং Underserved এলাকায় পানির উৎস স্থাপনের মাধ্যমে দ্রুত কভারেজ বৃদ্ধি করা হচ্ছে।

বর্তমান সরকারের আমলে বিভিন্ন চলমান কার্যক্রমের আওতায় জুন/২০১৯ পর্যন্ত গ্রামঞ্চলে বিভিন্ন প্রকার ৮৭৭১৯ টি পানির উৎস স্থাপন করা হয়েছে।

চিত্র : কমিউনিটিভিত্তিক পানি সরবরাহ ইউনিট

চিত্র : কমিউনিটিভিত্তিক পানি সরবরাহ ইউনিট

৮.২ পৌর পানি সরবরাহ *t*

ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত অন্যান্য সিটি কর্পোরেশন এবং পৌর এলাকায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর পানি সরবরাহ কার্যক্রম বাস্তবায়ন করে থাকে।
বর্তমানে ১৫৪ টি পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু আছে। অবশিষ্ট পৌরসভায় পয়েন্ট সোর্সে এর মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু রয়েছে। পাইপ লাইনের মাধ্যমে পানির কভারেজ ৩০% এবং পয়েন্ট সোর্স এর মাধ্যমে অবশিষ্ট পৌর এলাকায় পানি সরবরাহ ব্যবস্থা আছে।

চিত্রঃ লৌহ ও আর্সেনিক বিমুক্তকরণ প্লান্ট

স্যানিটেশন কার্যক্রমঃ

নিরাপদ পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা মানুষের মৌলিক প্রয়োজন এবং জাতিসংঘ মানবাধিকার। অপর্যাপ্ত পানি সরবরাহ এবং স্যানিটেশন ব্যবস্থা সরাসরি পানিবাহিত ও মলবাহিত রোগ, সংক্রামক রোগ, স্বাস্থ্য ঝুঁকি এবং পরিবেশ দূষণের সাথে প্রত্যক্ষ এবং পরোক্ষভঅবে জড়িত। তাই বর্তমান সরকার পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়টিকে বিশেষ গুরুত্ব দিয়ে আসছে। পানি সরবরাহ ও স্যানিশেন কার্যক্রমে সরকারে সদিচ্ছার প্রতিফলন হিসেবে ১৯৯৮ সালে "নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন এর জাতীয় নীতিমালা" প্রণয়ন করা হয়েছে। পর্যায়ক্রমে সরকারের এই মেয়াদে "জাতীয় স্যানিটেশন কৌশল' ও পানি সরবরাহ এবং স্যানিটেশন খাতের সেক্টর ডেভলপমেন্ট প্ল্যান, ২০১১-২০২৫' প্রণীত হয়েছে। বর্তমান সরকার জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনে বদ্ধপরিকর। এসডিজি বাস্তবায়নে সরকারের গৃহীত পদক্ষেপসমূহের মধ্যে "পান সরবরাহ ও স্যানিটেশন" বিষয়টিকে ৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনায় বিশেষ গুরুত্বের সাথে বিবেচনা করা হয়েছে।

স্যানিটেশনের ক্ষেত্রে বেসিক স্যানিটেশন অর্জন ও খোলা জায়গায় মলমূত্র ত্যাগ কমিয়ে আনতে বাংলাদেশ সারা বিশ্বে অনুকরনীয় দৃষ্টান্ত স্থাপন করেছে। Joint Monitoring Program (JMP) ২০১৫ অনুযায়ী বাংলাদেশে উন্নত ল্যাট্রিন ব্যবহার করে ৫৬% জনগণ, শেয়ারড ল্যাট্রিন ব্যবহার করে ৩০% জনগণ, বেসিক ল্যাট্রিন ব্যবহার করে ১৩% জনগণ। স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, বেসরকারি সংস্থা, সুশীল সমাজ, গণমাধ্যমসহ সকলের সহযোগীতায় এ অগ্রগতি অর্জন করা সম্ভব হয়েছে। স্থানীয় সরকার বিভাগের উদ্যেগে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রতিবছর অক্টোবর মাসে 'জাতীয় স্যানিটেশন মাস' পালন করা হয়ে থাকে। এছাড়া জনগণের স্বাস্থ্য সুরক্ষা, ব্যক্তিগত স্বাস্থ্যভ্যাস পরিচর্যা ও জনস্বাস্থ্য উন্নয়নে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিবছর ১৫ অক্টোবর সমগ্রদেশব্যপী 'বিশ্ব হাতধোয়া দিবস' পালন করা হয়ে থাকে।

স্যানিটেশন বিষয়ে সচেতনতা বৃদ্ধি কার্যক্রমের অংশ হিসেবে ২০০৮ ও ২০০৯ সালে "বিশ্ব হাতধোয়া দিবস" এ সর্বোচ্চ সংখ্যক স্কুলের শিক্ষার্থীর অংশ গ্রহণে সাবান দিয়ে হাতধোয়ার ক্ষেত্রে বাংলাদেশ Guinness Book of World Record ভূক্ত হয়েছে।

৮.৩ গ্রামীণ স্যানিটেশন

বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ২০১৮-২০১৯ অর্থ বছরে সর্বমোট প্রায় ৩৫০৩০ টি স্বল্পমূল্যের স্যানিটারী ল্যাট্রিন নির্মিত হয়েছে। জুন/২০১৯ মাসে সমগ্র দেশে বেসিক স্যানিটেশন কভারেজ শতকরা ৯৯ ভাগে উন্নীত হয় । বিগত ২০১৮ সালের অক্টোবর মাসে দেশব্যাপী জাতীয় স্যানিটেশন মাস উদযাপিত হয়েছে।

চিত্রঃ স্যানিটারী ল্যাট্রিন

চিত্রঃ পাবলিক টয়লেট

৮.৪ পৌর স্যানিটেশন

স্যানিটেশন ব্যবস্থার উল্লেখযোগ্য অবকাঠামোর মধ্যে রয়েছে ড্রেন নির্মান, পাবলিক টয়লেট, কমিউনিটি ল্যাট্রিন এবং একক ল্যাট্রিন নির্মাণ। বিগত ২০১৮-২০১৯ অর্থ বছরে ২৬৬ টি পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন এবং ১৭৭০ টি শেয়ারড্ ল্যাট্রিন স্থাপন করা হয়েছে।

wPÎ t কমিউনিটি টয়লেট

৯.০ পানি পরীক্ষাগারের কার্যক্রম

স্বাধীনতা পরবর্তী ১৯৯৩ সালে চাঁপাইনবাবগঞ্জ জেলায় বাংলাদেশে সর্বপ্রথম পানিতে আর্সেনিক দূষণের ঘটনা ধরা পরে। বিশুদ্ধ পানি সরবরাহের জন্যে নিয়োজিত সরকারী সংস্থা জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সীমান্তবর্তী কয়েকটি জেলায় পরীক্ষা চালিয়ে নলকূপের পানিতে আর্সেনিক দূষণ সনাক্ত করে। বিভিন্ন সরকারী বেসরকারী সংস্থা পরিচালিত সর্বশেষ জরীপ পর্যবেক্ষণ ও বিশ্লেষণ করে দেখা যায় ৬৪ টি জেলার মধ্যে ৬১ টি জেলার নলকূপের পানিতেই কম বেশি আর্সেনিকের অস্তিত্ব পাওয়া যায়। এই লক্ষ্যে পানি পরীক্ষা কার্যক্রম পদ্ধতি শক্তিশালী করণের উদ্যেগ নেওয়া হয়।

বর্তমানে ভূগর্ভস্থ পানিতে আর্সেনিকসহ অন্যান্য উপাদানের উপস্থিতি পরিমাপের জন্য দেশের ১৪ টি জেলায় স্থাপিত পানি পরীক্ষাগারের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম চলমান আছে। জাপানের আর্থিক সহায়তায় পানি পরীক্ষা ব্যবস্থা শক্তিশালী করার লক্ষ্যে ঢাকার কেন্দ্রীয় পানি পরীক্ষাগার ও জোনাল ল্যাবরেটরীগুলির মধ্যে নেটওয়ার্ক স্থাপন করে পানির গুণাগুণ পরীক্ষায় বিষয়টি আরও শক্তিশালী করা হয়েছে। বিগত ২০১৮-২০১৯ অর্থ বছরে কেন্দ্রীয় পানি পরীক্ষাগার ও জোনাল ল্যাবরেটরীর মাধ্যমে মোট ১০০৪৫১ টি পানির নমুনা পরীক্ষা করা হয়।

wPÎ t cwbi bgybv ci xÿv

সমগ্র বাংলাদেশে সরকারীভাবে স্থাপনকৃত সকল নলকূপের পানির গুণগতমান ডিপিএইচই ল্যাব সমূহের মাধ্যমে পরীক্ষা করা বাধ্যতামূলক করা হয়েছে এবং উক্ত কার্যক্রম সফলভাবে পরিচালিত হচ্ছে। এ ছাড়া বিভিন্ন দাতা সংস্থা, এনজিও, বিশ্বব্যাংক, এডিবি ও বিভিন্ন প্রকল্পের মাধ্যমে স্থাপনকৃত নলকূপের পানি ও পরীক্ষা করা হচ্ছে। ঢাকায় অবস্থিত কেন্দ্রীয় পানি পরীক্ষাগারের মাধ্যমে পানির ৫৩ টি বৈশিষ্ট্য (parameter)ও জেলা পর্যায়ে অবস্থিত আঞ্চলিক পানি পরীক্ষাগারের মাধ্যমে পানির ২২ টি বৈশিষ্ট্য (parameter) পরীক্ষা করা সম্ভব হচ্ছে।

বিগত ২০১৭-১৮ অর্থ বছর থেকে মায়ানমার হতে আগত বাস্তুচ্যুতদের আশ্রয় কেন্দ্র সমূহে স্থাপিত নলকূপের পানি পরীক্ষাকরণের লক্ষ্যে সাময়িকভাবে কক্সবাজার জেলায় পানি পরীক্ষাগার স্থাপন ও কার্যক্রম পরিচালিত হচ্ছে।

Different type of Laboratory tests performed by DPHE central and zonal labs & its fees

Sl. No	Water quality parameters	Unit cost
01	PH (Central + Zonal Lab)	50.00
02	Colour (Central + Zonal Lab)	250.00
03	Temperature (Central Lab Only)	50.00
04	Taste (Central Lab Only)	50.00
05	Odour (Central + Zonal Lab)	50.00
06	Turbidity (Central + Zonal Lab)	50.00
07	Conductivity (Central + Zonal Lab)	50.00
08	Salinity (Central + Zonal Lab)	50.00
09	Alkalinity (HCO3-) (Central + Zonal Lab)	100.00
10	Total Hardness (as CaCO3) (Central + Zonal Lab)	150.00
11	Oxidation-Reduction Potential (ORP) (Central Lab Only)	50.00
12	Total Dissolved Soild (TDS) (Central + Zonal Lab)	50.00
13	Total Suspended Solid (TSS) (Central + Zonal Lab)	150.00
14	Phhosphate (Central + Zonal Lab)	250.00
15	Chlorine(Residual) (Central Lab Only)	150.00
16	Chloride (Central + Zonal Lab)	250.00
17	Iodine (Central + Zonal Lab)	250.00
18	Fluoride (Central + Zonal Lab)	250.00
19	Nitrogen (Amonia) (Central + Zonal Lab)	250.00
20	Nitrogen (Nitrate) (Central + Zonal Lab)	250.00
21	Nitrogen (Nitrate) (Central + Zonal Lab)	250.00
22	Dissolved Oxygen(DO) (Central Lab Only)	50.00
23	Sulfide (Central Lab Only)	250.00
24	Sulfate (Central Lab Only)	250.00
25	Chemical Oxigen Demand(COD) (Central Lab Only)	400.00
26	Biocamical Oxygen Demand(BOD) 5days (Central Lab Only)	450.00
27	Arsenic (Central + Zonal Lab)	450.00
28	Aluminum (Central Lab Only)	450.00
29	Barium (Central Lab Only)	450.00
30	Calcium (Central Lab Only)	450.00
31	Chromium (Central Lab Only)	450.00
32	Cadmium (Central Lab Only)	450.00
33	Copper (Central Lab Only)	450.00

34	Iron (Central + Zonal Lab)	450.00
35	Lead (Central Lab Only)	450.00
36	Manganese (Central + Zonal Lab)	300.00
37	Magnesium (Central Lab Only)	300.00
38	Mercury (Central Lab Only)	500.00
39	Nickel (Central Lab Only)	450.00
40	Potassium (Central Lab Only)	300.00
41	Selenium (Central Lab Only)	450.00
42	Sodium (Central Lab Only)	300.00
43	Zinc (Central Lab Only)	450.00
44	Fecal Coliform (Central + Zonal Lab)	400.00
45	Total Coliform (Central + Zonal Lab)	400.00

১০.০ গৃহীত কার্যক্রমসমূহ

১০.১ প্রাকৃতিক দুর্যোগ ও আপদকালীন কার্যক্রমঃ

বাংলাদেশে প্রায় প্রতি বছরেই এক বা একাধিক প্রাকৃতিক দুর্যোগ, বন্যা, খরা, ঘূর্ণিঝড়, জলোচ্ছাস, পাহাড় ধস, জলাবদ্ধতা ইত্যাদি বিভিন্ন স্থানে বিভিন্ন মাত্রায় আঘাত হানে। এছাড়াও বর্ষা মৌসুমে পাহাড় ধস ও জলাবদ্ধতা জনিত সমস্যা একটি নিত্যনৈমিত্তিক বিষয়। এ সময়ে পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা ক্ষতিগ্রস্থ হওয়ার জন্য নিরাপদ পানির চরম সংকট দেখা দেয় এবং স্যানিটেশন ব্যবস্থা ভেঙ্গে পড়ে। ফলে অধিকাংশ ক্ষেত্রেই দুর্যোগকালীন/দুর্যোগের পর দুর্গত এরাকায় নিরাপদ পানীয় জলের অভাব পরিলক্ষিত হয়। এ সময়ে বিশুদ্ধ খাবার পানির অভাবে দূর্গত এলাকায়/আশ্রয় কেন্দ্রে ডায়ারিয়া, আমাশয়, টাইফয়েড, কলেরা ইত্যাদি বিভিন্ন রোগের প্রার্দুভাবে অসংখ্য লোকের প্রাণহানি ঘটে।

বিভিন্ন ধরনের প্রাকৃতিক দুর্যোগে উপদ্রুত এলাকার জনগণকে তাৎক্ষণিকভাবে নিরাপদ পানি সরবরাহের লক্ষ্যে অত্র অধিদপ্তরের বিভিন্ন রকম প্রস্তুতি রয়েছে। এজন্য রয়েছে ৫০ (পঞ্চাশ) টি সহজে স্থানান্তরযোগ্য মিনি ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট, ১৮ টি ভ্রাম্যমান ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট, নিরাপদ পানি বহনের জন্য ০৮ টি পানির ট্যাংকার (কারিয়ার), উপকূলীয় অঞ্চলের জন্য ৩০ টি মোবাইল স্যালাইন ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট সংগ্রহ করে খুলনায় রাখা হয়েছে এবং উপকূলীয় এলাকায় লবনাক্ত পানিকে লবনমুক্ত করে সুপেয় পানি হিসেবে সরবরাহ করা হচ্ছে। এছাড়াও যে কোন ভয়াবহ প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সার্বক্ষণিক প্রস্তুতি রয়েছে।

১০.২ মিয়ানমার হতে ব্যস্তচ্যুত রোহিঙ্গা সম্প্রদায়ের জন্য কার্যক্রমঃ

বাংলাদেশে রোহিঙ্গা জনগোষ্ঠীর অনুপ্রবেশ শুরু হয় ১৯৭৮ সাল থেকে। ২০১৭ সালের আগ পর্যন্ত তাদের সংখ্যা ছিল ০৩ লক্ষের মত। ২০১৭ সালের আগষ্ট এর পর থেকে এখন পর্যন্ত এই সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে ১১ লক্ষের ও বেশি। এই বিশাল জনগোষ্ঠীকে আশ্রয় দেয়া হয় কক্সবাজার জেলার টেকনাফ ও উখিয়া উপজেলার ৩২ টি ক্যাম্পে। তাদের পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা প্রদানের জন্য স্বল্প সময়ের মাঝে বিশেষ ব্যবস্থা গ্রহণ করা হয়। বাংলাদেশে রোহিঙ্গা জনগোষ্ঠীর অনুপ্রবেশ শুরু হয় ১৯৭৮ সাল থেকে। ২০১৭ সালের আগ পর্যন্ত তাদের সংখ্যা ছিল তিন লক্ষের মত। ২০১৭ সালের আগস্ট এর পর থেকে এখন পর্যন্ত এই সংখ্যা গিয়ে দাঁড়িয়েছে ১১ লক্ষেরও বেশি। এই বিশাল জনগোষ্ঠীকে আশ্রয় দেয়া হয় কক্সবাজার জেলার টেকনাফ ও উখিয়া উপজেলায় ৩২ টি ক্যাম্পে। তাদের পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা প্রদানের জন্য ২০১৮-১৯ অর্থ বছরে এডিবি এবং বিশ্বব্যাংক এর সহায়তাপুষ্ট ২টি নতুন প্রকল্পের কাজ শুরু (মার্চ ২০১৯ হতে) হয়েছে । এই ২টি প্রকল্পের অধীনে ৫০০টি গোসলখানা, ২৮টি মিনি পাইপ ওয়াটার সাপ্লাই সিস্টেম, ৪০টি পাইপ ওয়াটার সাপ্লাই স্কীম, ১০টি পাইপ মিনি ফিক্যাল স্ল্যাজ ট্রিটমেন্ট সিস্টেম, ০২টি ফিক্যাল স্ল্যাজ ট্রিটমেন্ট ও সলিড ওয়েস্ট ট্রিটমেন্ট প্ল্যান্ট ও ২০টি বায়োগ্যাস প্ল্যান্ট রোহিঙ্গা কমিউনিটির জন্য বরাদ্দ আছে। এই সকল কাজের দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে। আগামী অর্থ বছরে এই সকল কাজ সমাপ্ত করা সম্ভব হবে।

চিত্র: রোহিঙ্গা শিবিরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম

১১.০ গবেষণা ও উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমঃ

পানি সরবরাহ ও স্যানিটেশন খাতের প্রযুক্তিগত চ্যালেঞ্জসমূহ ও জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা করতে গবেষণা ও উন্নয়ন বিভাগের মাধ্যমে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বেশ কিছু কার্যক্রম/প্রোগ্রাম পরিচালনা করছে। চলমান পদক্ষেপ সমূহের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি কার্যক্রম/প্রোগ্রাম নিম্নে বর্ণনা করা হলোঃ

ক) লবনাক্ততা ও আর্সেনিক প্রবণ অঞ্চলে ও ভূ-পৃষ্ঠস্থ পানি সংরক্ষণে ব্যবহৃত সংরক্ষিত পুকুরে সৌরশক্তি চালিত উন্নত পুকুর পাড়ের বালির ফিল্টার (PSF) পদ্ধতির পাইলোটিং কার্যক্রমঃ

গবেষণা ও উন্নয়ন বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ২০০৯ সালে অক্সফাম-জিবি বাংলাদেশের সহায়তায় উপকূলীয় অঞ্চলে উন্নত প্রযুক্তির পি এস এফ স্থাপনার উদ্যোগ গ্রহণ করে যা পরবর্তীতে ২০১২-১৩ সাল পর্যন্ত বর্ধিত করা হয়। সে সময়ে যশোরের মনিরামপুরে, সাতক্ষীরার আশাশুনি এবং খুলনার কয়রাতে এ ধরনের ২০ টি সৌরচালিত পি এস এফ স্থাপন করা হযেছে। পরবর্তীতে উক্ত ২০ টি পিএসএফ এর কর্মক্ষমতার উপর ভিত্তি করে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর বিভিন্ন প্রকল্পের আওতায় নির্মিতব্য PSF এর নকশায় উল্লেখযোগ্য পরিবর্তন সাধনপূর্বক ছয়টি জেলায় পাইলোটিং করা হয়। এই উন্নত প্রযুক্তির আওতায় পুকুর হতে ফিল্টার বেডে পানি উত্তোলনের জন্য সৌরশক্তিচালিত পাম্প ব্যবহার করা হয়। এ ব্যবস্থায় স্বয়ংক্রিয়ভাবে অবিরত পানির প্রবাহ বজায় রাখার জন্য সংরক্ষিত পানির প্রকোষ্ঠে একটি সেন্সরও ব্যবহার করা হয়। সোলার পদ্ধতিতে পানি উত্তোলন করায় এবং রাত্রে আলোর ব্যবস্থা থাকায় পানি ব্যবহারকারীরা বিশেষতঃ নারীরা সহজে ও নিরাপত্তার সাথে রাতেও পিএসএফ থেকে পানি সংগ্রহ করতে পারে। প্রতিটি ব্যবস্থা স্থাপন করতে প্রায় ৭.০০ লক্ষ টাকা খরচ হয়। নিম্নে এই প্রযুক্তিটির কিছু চিত্র তুলে ধরা হলো।



চিত্রঃ সৌরচালিত পিএসএফ

খ) বাংলাদেশের উপকূলীয় এলাকায় ভূগর্ভস্থ পানিতে লবণাক্ততা অনুপ্রবেশের উপর যৌথ গবেষণাঃ

বাংলাদেশ সরকার, DANIDA, হাইস্যাওয়া, IWM এবং ITN-BUET এর আর্থিক সহায়তায় অক্টোবর, ২০১০ সালে এই যৌথ গবেষণার কাজ শুরু হয়ে জুন, ২০১৫ তে সমাপ্ত হয়। খুলনা ও সাতক্ষীরা জেলার কিছু অংশে (১০ টি উপজেলার প্রায় ১৫৩৪ বর্গ কিঃমিঃ এলাকা) এই গবেষণা পরিচালনা করা হয়। এই গবেষণায় ভূ-গর্ভস্থ ও ভূ-পৃষ্ঠস্থ উভয় প্রকার পানির গুণগত মান (বিশেষত, লবনাক্ততা) অনুপ্রবেশের হার নির্ণয় করতে বেসলাইন জরিপ, মিডলাইন জরিপ ও এন্ডলাইন জরিপ পরিচালনা করা হয়। বিভিন্ন স্থানে ৩৬ টি লাইন ওয়েল সহ ৪৫ টি পর্যবেক্ষণ নলকূপ স্থাপন করা হয়, যেগুলো ব্যবহার করে সাপ্তাহিক, মাসিক ও ত্রৈমাসিক ভিত্তিতে অবিরত পর্যবেক্ষণ করা হয়। এছাড়া সম্পূর্ণ তথ্য ও সম্ভাব্য ব্যবহারযোগ্যতা পরীক্ষা করার জন্য বৈদ্যুতিক লগিং, পাম্পিং টেস্ট ইত্যাদি পরিচালনা করা হয়। এভাবে সম্পূর্ণ তথ্য সংগ্রহের পর কম্পিউটার ভিত্তিক সিমুউলেশন/মডেলিং ব্যবহার করে লবণাক্ত পানির অনুপ্রবেশের হারে ব্যাপ্তি ও মাত্রা অনুমান করা হয়। উক্ত পর্যবেক্ষণ হতে উল্লেখযোগ্য পর্যবেক্ষনসমূহ নিম্নরূপঃ

১। গভীর ভূ-গর্ভস্থ পানির উপর লবণাক্ত ভূ-উপরিস্থ পানির প্রভাব অতি নগণ্য, কিন্তু অগভীর ভূগর্ভস্থ পানির সাথে ভূ-উপরিস্থ লবণাক্ত পানির পরিবর্তনশীল প্রভাব বিদ্যামান।

২। ২০৫০ সাল নাগাদ, পর্যবেক্ষণাধীন এলাকার বিদ্যামান স্বল্প গভীরতায় স্বাদু পানির পকেট এলাকার শতকরা ৩.৪৪ ভাগ লবণাক্ত হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে।



চিত্রঃ অনুভূমিক স্যালাইন একুইফার বিস্তৃতি।

জলবায়ু পরিবর্তনের প্রেক্ষাপটে এর বিরূপ প্রভাব হিসেবে লবনাক্ততা অনুপ্রবেশের সম্ভাবনা বেড়েই চলেছে। এরই প্রেক্ষিতে চলমান অর্থবছরে উক্ত গবেষণার সুপারিশ অনুযায়ী আরও বিস্তৃত আকারে এই কার্যক্রম পরিচালনার নিমিত্তে কারিগরি প্রকল্প প্রনয়নের কাজ হাতে নেয়া হয়েছে।

গ) নিম্ন পানিস্তর বিশিষ্ট এলাকায় হস্তচালিত হাইড্রলিক ও হাইব্রিড পাম্প স্থাপন ও কার্যকারীতা পর্যবেক্ষনঃ

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর গবেষণা উন্নয়ন বিভাগ কর্তৃক ২০১৪ সালে ইউনিসেফের আর্থিক সহায়তায় পাইলটিং হিসেবে নওগাঁর নিম্ন পানির স্তরবাহী এলাকায় হস্তচালিত হাইব্রিড ও হাইড্রোলিক পাম্প স্থাপন করা হয়। পাইলটিং এর উদ্দেশ্য ছিলো ঐসব এলাকায় শুষ্কমৌসুমে ৬ নং লিফটিং ম্যানুয়েল পাম্পের কার্যকারিতা পরীক্ষা করা। এই ৩০ মিটার উত্তোলন ক্ষমতা সম্পন্ন ২০ টি নোভিয়া হাইড্রলিক পাম্প (ফ্রান্স হতে আমদানীকৃত) এবং ২০ মিঃ উত্তোলন ক্ষমতা সম্পন্ন ১০ টি স্থানীয়ভাবে প্রস্তুতকৃত হাইব্রিড তারা পাম্প স্থাপন করা হয়। হাইড্রোলিক পাম্প স্থাপনপূর্বক প্রযুক্তিগত কার্যকারিতা নিরুপন করে আরো বৃহৎ স্কেলে পানি সরবরাহ করার লক্ষ্যে দেশের নিম্ন পানিস্তর বিশিষ্ট এলাকা নওগাঁ, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নারায়নগঞ্জ এবং গাজীপুর জেলায় প্রায় ১১২ টি হাইড্রোলিক পাম্প স্থাপন করা হয়েছে যা শুষ্ক মৌসুমে ৩০ মিটার নিচের স্তর থেকে পানি উত্তোলন করতে সক্ষম। বর্তমানে এই পাম্পগুলোর প্রযুক্তিগত কার্যকারিতার পাশাপাশি সামাজিক গ্রহনযোগ্যতা নিরুপন করা হচ্ছে। নিচের চিত্রগুলোতে মাঠ পর্যায়ে স্থাপনকৃত হাইড্রলিক পাম্প এর প্রযুক্তিগত ডায়াগ্রামসহ ব্যবহার দেখানো হয়েছে।



চিত্রঃ হস্ত চালিত ও পা-চালিত হাইব্রিড ও হাইড্রোলিক পাম্প

ঘ) ফোর্সপাম্প চালিত উন্নত পন্ড স্যান্ড ফিল্টারঃ

লবনাক্ত প্রবণ ও আর্সেনিক সংকুল এলাকার জন্য পন্ড স্যান্ড ফিল্টার (পিএসএফ) একটি অন্যতম বিকল্প অপশন। যথাযথ পরিচালনা ও রক্ষণাবেক্ষনের অভাবে অধিকাংশ পিএসএফ ব্যবহার উপযোগী থাকে না। এগুলোর মধ্যে অন্যতম দুটি কারন পিএসএফ হতে পানি নিয়ে পানি না চাপা ও সময়মত বালি পরিষ্কার না করা। এ সকল সমস্যার সমাধানে গবেষণা ও উন্নয়ন বিভাগ কর্তৃক ফোর্স পাম্প ব্যবহার করে সহজ রক্ষণাবেক্ষনযোগ্য একটি উন্নত পন্ড স্যান্ড ফিল্টার নক্সা প্রণনয়ন করে। এই নক্সায় উচুঁ পাটাতনযুক্ত নলকুপের পরিবর্তে ফোর্স পাম্প, স্যান্ড বেড পরিষ্কারের জন্য স্ক্র্যাপার প্রযুক্তির ব্যবহার ও নিরবিচ্ছিন্ন নিরাপদ পানি প্রবাহের নিমিত্তে অল্টারনেট ক্লিনিং পদ্ধতি ব্যবহার করা হয়েছে। মাঠ পর্যায়ে পাইলোটিং এর জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের টেকনিক্যাল কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনার প্রেক্ষিতে বাস্তবায়ন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।



ঙ) তারা নলকূপের নকশা উন্নতকরনঃ

পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় দেশের পল্লী অঞ্চলসমূহে তারা নলকূপ স্থাপনের জন্য উত্তোলনযোগ্য ও অনুত্তোলনযোগ্য তারা নলকূপের দুইটি অনুমোদিত ডিজাইন ও স্পেসিফিকেশন্স ম্যানুয়াল রয়েছে। উক্ত ম্যানুয়াল অনুযায়ী স্থাপিত তারা হ্যান্ডপাম্পসমূহের মাঠপর্যায়ের কার্যকারীতা বিশ্লেষণপূর্বক পাম্পসমূহকে অধিকতর ব্যবহারবান্ধব ও টেকসই করার নিমিত্তে বিদ্যমান নকশায় কিছু পরিবর্তন সাধন করার প্রয়োজন অনুভূত হয়। সে লক্ষ্যে, উল্লিখিত প্রকল্পের গবেষণা ও উন্নয়ন কার্যক্রমের আওতায় গাজীপুর ও নরসিংদীর বিভিন্ন উপজেলায় পরীক্ষামূলক পরিবর্তিত ডিজাইন অনুযায়ী ১০টি তারা নলকূপ স্থাপন করা হয় এবং বিভিন্ন সময় এর কার্যকারীতা পর্যবেক্ষণ করা হয়। বিদ্যমান নকশার স্টেইনলেস স্টিল পাম্পরড এর পরিবর্তে পিভিসি পাম্পরড, ১৯ মিমি স্টেইনলেস স্টিল জয়েন্ট এর পরিবর্তে পিভিসি মোল্ডেড এসএস কানেক্টর, পাম্পার ক্যাপ ও জ্যাকেটযুক্ত ১৯ মিমি স্টেইনলেস স্টিল জয়েন্ট, ঢালাই লোহার পাম্পবডি এর পরিবর্তে স্টেইনলেস স্টিলের পাম্পবডি, ছিদ্রযুক্ত হেডকভার, হ্যাঙ্গার-রড এর পরিবর্তে ছিদ্রবিহীন হেডকভার ও পিভটযুক্ত হ্যাঙ্গার-রড ও ফুটভাল্ভ এর পরিবর্তে ওয়েট ভাল্ভ পরিবর্তনপূর্বক পরীক্ষামূলকভাবে উত্তোলনযোগ্য তারা হ্যান্ডপাম্পসমূহ প্রস্তুত ও স্থাপন করা হয়।

চিত্রঃ পরীক্ষামূলক পরিবর্তিত নকশার তারা পাম্পযুক্ত নলকূপ

প্রায় এক বছরের কার্যকারিতা পর্যবেক্ষণের উপর ভিত্তি করে আলোচ্য ডিজাইনের উত্তোলনযোগ্য তারা হ্যান্ড পাম্পের বিষয়ে নিম্নলিখিত সুপারিশ সমূহ প্রণয়ন করা হয়।

১। পরীক্ষামূলকভাবে স্থাপিত উত্তোলনযোগ্য তারা প্রযুক্তির ডিজাইনটি মাঠপর্যায়ের পাইলটিং পর্যবেক্ষণ অনুযায়ী কার্যকর প্রমাণিত হয়েছে।

২। ডিসচার্জ বেশী হওয়ায় অনুত্তোলনযোগ্য তারা পাম্প দেশের কিছু অঞ্চলে জনপ্রিয়তা লাভ করেছে। টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে অধিক ডিসচার্জের তুলনায় স্থায়িত্বকে অধিকতর গুরুত্ব দিতে হবে। তাই, অনুত্তোলনযোগ্য তারা পাম্প প্রযুক্তিটি সীমিত আকারে এলাকাভিত্তিক ব্যবহারের জন্য বরাদ্দ প্রদান করা যেতে পারে।

৩। ১০০ ফুট গভীরতার হাউজিং এর ক্ষেত্রে ব্যবহৃত ওয়েটভাল্ভ উপযুক্ত নয়। উল্লেখ্য, এ জাতীয় ওয়েটভাল্ভ অপেক্ষাকৃত অগভীর পানির স্থিতিতল (২৮ থেকে ৩৫ ফুট) বিশিষ্ট এলাকায় ব্যবহার করা যেতে পারে।

৪। মালামালের গুনগতমান নিশ্চিতকরণ সাপেক্ষে এস এস পাম্পবডির ব্যবহার শুরু করা যেতে পারে।

৫। অধিক ডিসচার্জের জন্য পরবর্তীতে পরীক্ষামূলকভাবে ২.৫" সিলিন্ডারযুক্ত কনভেনশনাল ডিপসেট পাম্প ব্যবহার করে দেখা যেতে পারে।

৬। ঢালাই লোহার তৈরী পাম্পবডির ভেতরের অংশ ক্ষয়প্রাপ্ত হওয়ায় সৃষ্ট সমস্যাগুলি দূরীকরণে এস এস এর তৈরী পাম্পবডি ব্যবহারের পরিবর্তে ঢালাই লোহার তৈরী পাম্পবডির ভেতরে এস এস লাইনিং প্রদান করা যেতে পারে।

চ) অন্যান্য উন্নয়নমূলক কর্মকান্ডঃ

ভুগর্ভস্থ পানির সর্বনিম্ন স্থিতিতলের ইউনিয়ন ভিত্তিক তথ্য অধিদপ্তরের বুদ্ধিবৃত্তিক সম্পদ। বিগত প্রায় ৩০ বছরের বেশী সময় ধরে অধিদপ্তরীয় গ্রাউন্ড ওয়াটার সার্কেল এর তত্ত্বাবধানে উক্ত তথ্য সংগ্রহ প্রক্রিয়া চলমান রয়েছে। চলতি বছর অনলাইনে উক্ত তথ্য সংগ্রহ করা হয়। ৮ টি জেলাবাদে সকল জেলা হতে তথ্য প্রদানে প্রশংসনীয় সাড়া

পাওয়া যায়। এছাড়া নলকূপের বোরলগ সঠিকভাবে পূরণের সুবিধার্থে সকল উপজেলায় সংশোধিত বোরলগ ফর্ম ও বিভিন্ন আকার ও রঙের বালুর নমূনা সমন্বয়ে প্রস্তুতকৃত স্যান্ড কমপ্যারেটর সরবরাহ করা হয়।

বাজারে প্রচলিত ফোর্স পাম্প এর গুনগতমান নিম্নমানের হওয়ায় বিভিন্ন প্রযুক্তির নকশায় উক্ত ফোর্স পাম্প এর অন্তর্ভুক্তি চাহিদা থাকা সত্ত্বেও সম্ভবপর (feasible) হয় না। এই সমস্যা সমাধানে স্থানীয় উদ্যোগটার সহায়তায় অধিক ডিসচার্জ সম্পন্ন উন্নত প্রযুক্তির ফোর্স পাম্প ডেভেলপ করা হয়েছে এবং বিভিন্ন স্থানে পাইলোটিং এর মাধ্যমে পাম্পটির উপযোগীতা যাচাই করা হয়েছে। এছাড়াও দেশে প্রথমবারের মতো ন্যানো ফিল্ট্রেশন প্রযুক্তির সাহায্যে পানি পরিশোধনের পাইলোটিং কার্যক্রম গবেষণা ও উন্নয়ন বিভাগের মাধ্যমে চলমান আছে।

১২.০ অন্যান্য গুরুত্বপূর্ন কার্যক্রম

১২.১ মানব সম্পদ উন্নয়নঃ

বর্তমান বিশ্বে উদ্ভাবতি নব নব প্রযুক্তির ব্যবহার করতে দক্ষ মানব সম্পদ গড়ে তোলার বিকল্প নেই। এ ছাড়া টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা র্অজনে দক্ষ মানব সম্পদ অপরিহার্য । আর এ দক্ষ মানব সম্পদ গড়ে তোলার ক্ষেত্রে প্রশিক্ষণের ভূমিকা অনস্বীকার্য। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে অধদিপ্তরীয় কর্মকর্তা/কর্মচারীদের বিষয় ভিত্তিক বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে থাকে। এ প্রশিক্ষণ কার্যক্রমসমূহ কেন্দ্রীয় র্পযায়ে অধদিপ্তরীয় ঢাকার মহাখালিস্থ এইচ আর ডি সেন্টারে এবং মাঠ র্পযায়ে বাস্তবায়ন করা হয়।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজস্ব বাজেট এবং উন্নয়ন প্রকল্পের বরাদ্দকৃত র্অথ ব্যয়ে প্রশিক্ষণ সমূহ বাস্তবায়ন করা হয়ে থাকে। বাস্তবায়িত এ সকল প্রশিক্ষণ কর্মসূচীর মূল বিষয়বস্তু মূলত কারিগরী, আর্থিক ও প্রশাসনিক। ক্রয় র্কাযক্রমে স্বচ্ছতা আনয়নরে লক্ষ্যে সিপিটিইউ (CPTU) হতে প্রশিক্ষিত অধদিপ্তরীয় কর্মকর্তাগণের সহায়তায় নভেম্বর ২০১৩ সাল থেকে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দেশের সকল নির্বাহী প্রকৌশলী, সহকারী প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলীকে পর্যায়ক্রমে ইলেক্ট্রনিক টেন্ডারিং (eGP) বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তাগণ তাদের সকল দরপত্র ইলেক্ট্রনিক টেন্ডারিং এর মাধ্যমে সম্পন্ন করছেন। ফলে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে ২০১৫ সাল হতে সরকারী সকল (১০০%) ক্রয় র্কাযক্রম ইলেক্ট্রনিক টেন্ডারিং প্রক্রিয়ায় সম্পাদিত হচ্ছে। বর্তমান অর্থবছরে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নিজস্ব প্রশিক্ষক ও রাজস্ব অর্থায়নে অত্র দপ্তরের প্রধান কার্যালয়ের প্রায় ৬০ জন কর্মকর্তা/ কর্মচারীদের ই-ফাইলিং ব্যবস্থার উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এখন বেশির ভাগ দাপ্তরিক চিঠিপত্র ই-ফাইলিং এর মাধ্যমে আদান প্রদান হচ্ছে।

এছাড়াও দেশের অভ্যন্তরে ২০১৮-২০১৯ অর্থবছরে অধিদপ্তরের মোট ২৫৭ জন প্রশিক্ষণার্থীকে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১৮ জন কর্মকর্তাকে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অর্থায়নে বিদেশে প্রশিক্ষণ/ অভিজ্ঞতা অর্জনের জন্য পাঠানো হয়েছে।

১২.২ PEDP

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জুন ২০১৮ সালে তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৩) বাস্তবায়ন কাজ সফলভাবে সম্পন্ন করেছে। পিইডিপি-৩ এর অন্যতম মূল উদ্দেশ্য হচ্ছে প্রাথমিক বিদ্যালয় সমূহে বিশুদ্ধ পানি সরবরাহ ও স্যানিটেশন নিশ্চিতকরণের জন্য অবকাঠামো সুবিধা প্রদান করা। বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের জন্য নিরাপদ সুপেয় পানি ও স্যানিটেশনের মাধ্যমে উন্নত ও স্বাস্থ্যকর পরিবেশ তৈরী করা। ২০১২ এর জানুয়ারীতে ডিপিই ও ডিপিএইচই এর মধ্যে স্বাক্ষরিত চুক্তিনামা অনুসারে পিইডিপি-৩ প্রকল্পের অধীনে প্রাথমিক বিদ্যালয় সমূহে নিরাপদ খাবার পানি ও স্যানিটেশনের সুবিধা প্রদানের লক্ষ্যে ডিপিএইচই নিম্নোক্ত কাজ করতে অংগীকারবদ্ধ :

- বিশুদ্ধ পানির উৎস সমূহের বাস্তবায়ন, স্থাপন, মেরামত এবং/অথবা পরিবর্তন।
- পানির গুনগতমান পরিবীক্ষণ ও পর্যবেক্ষণ।
- ওয়াশব্লক নির্মাণ।
- পানির উৎস সমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষন।
- ওয়াশব্লকসমূহের পরিচালনা ও রক্ষণাবেক্ষন।

প্রথমিক বিদ্যালয় সমূহে নিরাপদ সুপেয় পানি সরবরাহের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর দেশের ৬৪ জেলায় ৪১০০০ টি বিশুদ্ধ পানির উৎস স্থাপন এবং স্যানিটেশন নিশ্চিতকরনণর জন্য ৩১৫০০ টি ওয়াশব্লক নির্মান করেছে। আজকের শিক্ষার্থী আগামীর ভবিষ্যত। এই ভবিষ্যতের সুস্বাস্থ্য নিশ্চিতকরণে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বদ্ধপরিকর। বর্তমানে চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচী (পিইডিপি-৪), চাহিদাভিত্তিক সরকারি প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়), চাহিদাভিত্তিক সরকারি নতুন প্রাথমিক বিদ্যালয় অবকাঠামো উন্নয়ন প্রকল্প (১ম পর্যায়), এই তিনটি প্রকল্পের আওতায় ৫৫০০ টি বিদ্যালয়ে ওয়াশব্লক নির্মাণ এবং ৬০০০ টি বিদ্যালয়ে বিশুদ্ধ পানির উৎস স্থাপন কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ২০২৩ সালের মধ্যে প্রতিটি প্রাথমিক বিদ্যালয়ে ছেলে ও মেয়েদের জন্য পৃথক ওয়াশব্লক ও অন্তত একটি নিরাপদ বিশুদ্ধ খাবার পানির উৎস নিশ্চিত করা হবে।

১২.৪ বাংলাদেশ অর্থনেতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) আওতাভুক্ত অঞ্চলে পানি সরবরাহ ব্যবস্থা বাস্তবায়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিপ্তর

বাংলাদেশের দ্রুত অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) নভেম্বর, ২০১০ খ্রিঃ হতে বাংলাদেশের শিল্প সম্ভাবনাময় অঞ্চলসমূহ চিহ্নিত করণ ও উন্নয়ন কার্যক্রম পরিচালনা করে আসছে। অদ্যাবধি, ৫৫ (পঞ্চান্ন) টি সরকারী ও ১১ (এগার) টি ব্যক্তিগত অর্থনৈতিক অঞ্চল চিহ্নিত করণ সম্পন্ন হয়েছে ও উন্নয়ন কার্য পরিচালিত হচ্ছে। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) প্রকল্পাধীন অঞ্চলে পানি সরবরাহের লক্ষ্যে ১১ই অক্টোবর, ২০১৫ খ্রিঃ তারিখে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর ও বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) এর মধ্যে একটি সমঝোতা স্বারক স্বাক্ষরিত হয়। উক্ত সমঝোতা স্বারক অনুযায়ী উপরিস্থিত পানি প্রাপ্যতার পরিমাণ নির্ণয়, উৎপাদক ও পরীক্ষামূলক নলকূপ স্থাপন, প্রয়োজনীয় ক্ষেত্রে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন ও পাইপলাইনের মাধ্যমে পানি সরবরাহের কাজ পরিচালনা করে আসছে। পানি সরবরাহ নিশ্চিত করণে জামালপুর অর্থনৈতিক অঞ্চলে ৪ টি , শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে ৮ টি, সাবরাং ও জালিয়ারদ্বীপ অর্থনৈতিক অঞ্চলে ৮ টি, মহেশখালী অর্থনৈতিক অঞ্চলে ৫ টি, আনোয়ারা অর্থনৈতিক অঞ্চলে ২ টি ও মীরেরসরাই অর্থনৈতিক অঞ্চলে ৭ টি পরীক্ষামূলক নলকূপ এবং কক্সবাজার অর্থনৈতিক অঞ্চলে ১৪ টি পরীক্ষামূলক নলকূপ স্থাপন করা হয়েছে। এছাড়াও, শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে ৫ টি , মীরেরসরাই অর্থনৈতিক অঞ্চলে ১৫ টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে এবং নলকূপগুলো চালু করার জন্য আনুষঙ্গিক কার্যক্রম চলমান আছে। জামালপুর অর্থনৈতিক অঞ্চলে ২ টি উৎপাদক নলকূপ নির্মাণ করা হচ্ছে। শ্রীহট্ট অর্থনৈতিক অঞ্চলে আরো ২ টি উৎপাদক নলকূপ, ৩০০০ ঘনমিটার ভূ-গর্ভস্থ জলাধার এবং জলাধার থেকে ৩.৫ কি:মি: পাইপলাইন নির্মান করা হচ্ছে। এছাড়াও মীরেরসরাই অর্থনৈতিক অঞ্চলে ৩০০০ ঘনমিটার ও ৬৪০০ ঘনমিটার ভূ-গর্ভস্থ জলাধার, ট্রান্সমিশন পাইপলাইন স্থাপনের জন্য প্রয়োজনীয় কার্যক্রম চলমান আছে।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সকল সময়ে উন্নয়নের চালিকা শক্তি ও বিনিয়োগের প্রবর্তক হিসেবে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল উন্নয়ন কর্তৃপক্ষ (বেজা) এর সফল সহযোগী এবং উন্নত ও স্বাস্থ্যকর বাংলাদেশ গড়ায় বদ্ধপরিকর।

অন্যান্যঃ

এছাড়া, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন জাইকা সাহায্যপুষ্ট "Project for improvement of Comprehensive Management Capacity of DPHE on Water Supply" (PICMaC-DPHE) শীর্ষক প্রকল্পের আওতায় Comprehensive Technical Guideline প্রণয়নের অংশ হিসেবে অক্টোবর/ ২০১৭ সময়কালে প্রকল্পে কর্মরত জাইকা বিশেষজ্ঞ দল ৩টি পাইলট এলাকায় (গাজীপুর, চট্টগ্রাম এবং খুলনা) গমন করেন এবং অধিদপ্তরের জেলা পর্যায়ের কার্যালয়ে মত বিনিময় সভায় অংশগ্রহন করেন। উক্ত সভায় অত্র অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাবৃন্দ, বিশেষ করে জেলা পর্যায়ের নির্বাহী প্রকৌশলী এবং উপজেলা পর্যায়ের সহকারী প্রকৌশলী ও উপসহকারী প্রকৌশলীগণ মেকানিকসহ প্রকল্পের কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রমসহ Guideline Testing এর প্রয়োজনীয়তা আলোচনা করা হয়।

১২.৫ টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়ন কৌশল

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন বিষয়ক এস ডি জি লক্ষ্যমাত্রা বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এস ডি জি এর ৬ নম্বর অভীষ্ট হলো ২০৩০ সালের মধ্যে সকলের জন্য পানি ও স্যানিটেশনের টেকসই ব্যবস্থাপনা ও প্রাপ্যতা নিশ্চিত করা, যার মধ্যে দুটি লক্ষ্যমাত্রা (৬.১ ও ৬.২) সরাসরি পানি সরবরাহ ও স্যানিটেশনের সহিত জড়িত। লক্ষ্যমাত্রা দুটির অগ্রগতি নির্ণয়ে ব্যবহৃত নির্দেশক দুটি হলো 'মোট জনসংখ্যার মধ্যে নিরাপদ ব্যবস্থাপনায় খাবার পানি সেবা ব্যবহারকারীর অনুপাত' ও 'সাবান ও পানি দিয়ে হাত ধোয়ার সুবিধাসহ নিরাপদ ব্যবস্থাপনার স্যানিটেশন সেবা ব্যবহারকারীর অনুপাত'। উল্লেখ্য যে, সাধারন অর্থনৈতিক বিভাগের প্রতিবেদন অনুযায়ী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরকে এস ডি জি লক্ষ্যমাত্রা ৬.১ ও ৬.২ বাস্তবায়নের Lead Agency এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে নির্ধারিত নির্দেশক অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতির তথ্য প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত হিসেবে নির্ধারন করা হয়েছে। তবে লক্ষ্যমাত্রাগুলো বাস্তবায়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর নিম্নোক্ত চ্যালেঞ্জগুলো মোকাবেলা করছে।

- এসডিজি অর্জনে সবার জন্য নিরাপদ পানি নিশ্চিত করা অন্যতম পূর্বশর্ত; দ্রুত হারে নগরায়নের ফলে ক্রমবর্ধিষ্ণু জনগনের পানির চাহিদা মেটানো জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরর মূল চ্যালেঞ্জ।
- নগরায়নের ফলে দিন দিন ভূ-উপরিস্থ পানি দূষিত হচ্ছে। ফলে ভূ-উপরিস্থ পানি ব্যবহারের অনুপোযোগি হয়ে সুপেয় পানি প্রাপ্তি দুর্লভ হয়ে যাচ্ছে।
- উত্তরোত্তর ভূ-গর্ভস্থ পানির ব্যবহারে পানির স্তর অত্যাধিক নিচে নেমে যাওয়ায় পানি উত্তোলন টেকসই ও পরিবেশ বান্ধব হচ্ছে না।
- শতভাগ পয়ঃসেবা প্রদানের জন্য উল্লেখযোগ্য পয়ঃ শোধনাগার ও অবকাঠামোর অভাব।

২০৩০ সালের মধ্যে সমগ্র দেশে নিরাপদ পানি ও পয়ঃনিস্কাশন সেবার সর্বজনীন ও সমতাভিত্তিক প্রবেশাধিকারের লক্ষ্য অর্জন তথা এসডিজি বাস্তবায়নে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বদ্ধপরিকর। সেই লক্ষ্যমাত্রা অর্জনে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ব্যাপক কর্মকান্ড বাস্তবায়ন করছে।

- এসডিজি বাস্তবায়নকারীদের দক্ষতা উন্নয়নে বহুমুখী প্রশিক্ষনে অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ;
- স্থানীয় পর্যায়ে এসডিজি বাস্তবায়নে মাঠ পর্যায়ে ফোকাল পয়েন্ট মনোনয়নপুর্বক তাদের প্রশিক্ষণ প্রদান এবং তাদের মাধ্যমে তৃণমূল পর্যায়ে এসডিজি বাস্তবায়নের পরিকল্পনা গ্রহন;

- পানির টেকসই ব্যবহার নিশ্চিত ও জনসচেতনতা সৃষ্টির করার জন্য পৌরসভা সমূহে নিরাপদ পানি পরিকল্পনা বাস্তবায়ন সহ বিভিন্ন জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহন।
- এসডিজি বাস্তবায়নে জনসেবার মান বৃদ্ধিতে বিভিন্ন ইনোভেশন আইডিয়া পাইলোটিং কার্যক্রম গ্রহন;
- এসডিজি সংশ্লিষ্ট চলমান কর্মকান্ড পরিবীক্ষণে প্রতিষ্ঠানিক উদ্যোগ গ্রহনের পরিকল্পনা প্রণয়ন;
- পানির গুনগতমান পরীক্ষণ, নিরীক্ষণ এবং পরীবিক্ষণ ব্যবস্থা প্রতিষ্ঠায় পদক্ষেপ গ্রহণ;

বিগত সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা এর বাস্তবায়নের পরবর্তীতে বর্তমানে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা বাস্তবায়নের সময় এসেছে। শুধুমাত্র লক্ষ্যমাত্রা অর্জন নয়, অর্জিত লক্ষ্যমাত্রা ধরে রাখার জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এসডিজি বা টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের মধ্য দিয়ে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের পানি সরবরাহ স্যানিটেশন সেক্টরে নেতৃত্বের ভূমিকা আরো জোরদার হবে।

১৩.০ APA (Annual Performance Agreement):

সরকারের বিঘোষিত নীতি ও কর্মসূচি যথাযথ বাস্তবায়নের মাধ্যমে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন এবং সরকারি কর্মকান্ডে স্বচ্ছতা, দায়বদ্ধতা এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের নিমিত্ত ২০১৪-২০১৫ অর্থ-বছর হতে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি চালু করা হয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার আওতাধীন মাঠপর্যায়ের কার্যালয় সমূহের জন্য পৃথক পৃথক নীতিমালা কাঠামো, অনুসরণীয় প্রক্রিয়া এবং কার্যালয়সমূহের জন্য পৃথক নীতিমালা প্রনয়ণ করা হয়েছে। রুপকল্প ২০১১, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDG) ২০৩০, ৭ম পঞ্চবার্ষিক কর্ম-পরিকল্পনা এবং সরকারের সার্বিক উন্নয়ন-অগ্রাধিকারের সঙ্গে সামঞ্জস্য রেখে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠপর্যায়ের কার্যালয়সমূহ হতে ২০১৮-১৯ অর্থ-বছরে স্ব স্ব বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন করেছে। কর্মসম্পাদন চুক্তিতে মন্ত্রণালয়/বিভাগের ভিশন, মিশন, কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য অগ্রাধিকার ভিত্তিতে করণীয় বিষয়সমূহ (Activities) এবং কর্মসম্পাদন সূচক (Performance Indicators) ও লক্ষ্যমাত্রাসমূহ (Targets) বিধৃত রয়েছে। বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর বার্ষিক অর্জন (জুলাই'১৮-জুন'১৯) নিম্নরূপঃ

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি ২০১৮-১৯ এর অর্জন (জুলাই ১৮-জুন ১৯)

নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষমাত্রা ২০১৮-১৯	অর্জন (জুলাই ১৮-জুন ১৯)	মন্তব্য
১.পল্লী ও পৌর এলাকায় সুপেয় পানি সরবরাহ ব্যবস্থা করা।	[১.১] গ্রামীণ এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন	[১.১.১] স্থাপিত নলকূপ/ উৎস	সংখ্যা	৬৮৭৭২	৮৭৭১৯	
		[১.১.২] নির্মিত পন্ড স্যান্ড ফিল্টার	সংখ্যা	৯৫৬	১৬৮	
		[১.১.৩] পানির উৎসের তথ্য সংগ্রহ	সংখ্যা	৬৮৭৭২	৬৩২৩০	
	[১.২] গ্রামীণ এলাকায় পুকুর খনন/পুনঃখনন স্কীম	[১.২.১] খননকৃত/ পুনঃখননকৃত পুকুর	সংখ্যা	৯২০	৪০৯	
	[১.৩] পৌর এলাকায় সুপেয় পানির জন্য নলকূপ/ উৎস স্থাপন	[১.৩.১]স্থাপিত নলকূপ/ উৎস	সংখ্যা	৮৮৮	১৫০০	

নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষমাত্রা ২০১৮-১৯	অর্জন (জুলাই ১৮-জুন ১৯)	মন্তব্য
	[১.৪] পৌর এলাকায় উৎপাদক নলকূপের মাধ্যমে পানি সরবরাহ	[১.৪.১]স্থাপিত/ প্রতিস্থাপিত উৎপাদক নলকূপ	সংখ্যা	৪৭	৬০	
		[১.৪.২] পুনরুজ্জীবিত উৎপাদক নলকূপ	সংখ্যা	৪১	১২	
		[১.৪.৩]পরীক্ষামূলক নলকূপ	সংখ্যা	২৭৬	২৩১	
	[১.৫] পৌর এলাকায় ভূগর্ভস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ	[১.৫.১] নির্মিত ভূগর্ভস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট	সংখ্যা	৮(৬০%)+১৬ (২১.৫৬%)	১৬ (২২%) +৪(৪০%)+১০ (২০%)	
	[১.৬] পৌর এলাকায় ভূপৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট নির্মাণ	[১.৬.১] নির্মিত ভূপৃষ্ঠস্থ ওয়াটার ট্রিটমেন্ট প্ল্যান্ট	সংখ্যা	২+৩(৭০%)+২ (আংশিক)	৪+ ৪ (আংশিক)	
	[১.৭] পৌর এলাকায় ওভারহেড ট্যাঙ্ক নির্মাণ	[১.৭.১] নির্মিত ওভারহেড ট্যাঙ্ক	সংখ্যা	২+৩(৯০%)+১ (৭৬.৯২%) ৬(৭০%)+ ৭(৭০%)	৮(৪৫%)+২(৪০ %)+৪(৭০%)	
	[১.৮] পৌর এলাকায় গ্রাউন্ড ওয়াটার রিজার্ভার নির্মাণ	[১.৮.১] নির্মিত গ্রাউন্ড ওয়াটার রিজার্ভার	সংখ্যা	২	২(২০%)	
	[১.৯] পৌর এলাকায় পাম্প হাউজ নির্মাণ	[১.৯.১] নির্মিত পাম্প হাউজ	সংখ্যা	৬৯	৯৪	
	[১.১০] পৌর এলাকায় পাইপলাইনের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ	[১.১০.১] স্থাপনকৃত পাইপলাইন	কি:মি:	৮৫৪	৬২৩.৩৮	
		[১.১০.২] গৃহ সংযোগ	সংখ্যা	১৯১৩০	৬২০০	
	[১.১১] পৌর এলাকায় স্ট্যান্ড পোস্ট/ ষ্ট্রীট হাইড্র্যান্ট নির্মাণের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ	[১.১১.১] নির্মিত স্ট্যান্ড পোস্ট/ ষ্ট্রীট হাইড্র্যান্ট	সংখ্যা	১০	-	

নং	কার্যক্রম	কর্মসম্পাদন সূচক	একক	লক্ষমাত্রা ২০১৮-১৯	অর্জন (জুলাই ১৮-জুন ১৯)	মন্তব্য
	[১.১২] পৌর এলাকায় আইআরপি (IRP) নির্মাণের মাধ্যমে নিরাপদ পানি সরবরাহ	[১.১২.১] নির্মিত আইআরপি (IRP)	সংখ্যা	২(৬৬%)+১	-	
[২] পল্লী ও পৌর এলাকায় স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন	[২.১] পল্লী/পৌরএলাকায় স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন নির্মাণ	[২.১.১] নির্মিত স্বল্প মূল্যে স্যানিটারি ল্যাট্রিন	সংখ্যা	৩০০০০	৩৫০৩০	
	[২.২] পল্লী/ পৌরএলাকায় পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন নির্মাণ	[২.২.১] নির্মিত পাবলিক টয়লেট/কমিউনিটি ল্যাট্রিন	সংখ্যা	২২৮	২৬৬	
	[২.৩] পল্লী এলাকায় ইম্প্রুভড স্যানিটারি ল্যাট্রিন নির্মাণ	[২.৩.১] নির্মিত ইম্প্রুভড স্যানিটারি ল্যাট্রিন	সংখ্যা	৩৭৫০	২৯০০	
	[২.৪] পৌরএলাকায় ড্রেন নির্মাণ	[২.৪.১] নির্মিত ড্রেন	কি:মি:	৭২.২৮	১২	
[৩] পানির গুণগত মান নিশ্চিতকরণ	[৩.১] পানির গুণগত মান পরীক্ষা/ পরিবীক্ষণ	[৩.১.১]পরীক্ষাগারে পরীক্ষিত পানির নমুনা	সংখ্যা	৭০০২৪	১০০৪৫১	

বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (Annual Performance Agreement) বাস্তবায়ন তথ্য

ফোকাল পয়েন্ট

অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পানি সম্পদ)

১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা।

ফোন: ০২-৯৩৪৩০৬৮, E-mail: addlce.wqms@dphe.gov.bd

১৪.০ ২০১৮-২০১৯ অর্থ বছরের উল্লেখযোগ্য সাফল্যঃ

বর্তমান সরকারের সময় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের বিশাল অর্জনের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি তথ্য নিম্নে দেওয়া হলঃ

১. পল্লী এলাকায় ২০১৮-১৯ অর্থ বছরে প্রায় ৮৭৭১৯ টি পানির উৎস স্থাপন করা হয়েছে।

২. স্বল্পমূল্যের ৩৫০৩০ টি স্যানিটারী ল্যাট্রিন নির্মাণ করা হয়েছে।

৩. ১৫৪ টি পৌরসভায় পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ব্যবস্থা চালু আছে।

৪. ১৭৭০ টি শেয়ারড ল্যাট্রিন (Shared Latrine) স্থাপন করা হয়েছে।

৫. কক্সবাজার জেলার টেকনাফ ও উখিয়া উপজেলায় ৩২ টি রোহিঙ্গা ক্যাম্পে পানি সরবরাহ ও স্যানিটেশন সুবিধা প্রদান করা হয়েছে।

শুদ্ধাচারঃ

রাষ্ট্রের অন্যতম লক্ষ্য ও দায়িত্ব হল নাগরিকের জন্য আইনের শাসন, মৌলিক মানবাধিকার, সমতা, ন্যায়বিচার প্রতিষ্ঠা, এবং রাজনৈতিক, অর্থনৈতিক ও সামাজিক অধিকার নিশ্চিত করা। সেই লক্ষ্য বাস্তবায়নেই রাষ্ট্র সুশাসন প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করে। এক্ষেত্রে একটি অপরিহার্য কৌশল হল সমাজ ও রাষ্ট্রকে দুর্নীতিমুক্ত রাখা এবং দেশে শুদ্ধাচার প্রতিষ্ঠা।

শুদ্ধাচারের ধারনাঃ

শুদ্ধাচার বলতে সাধারণভাবে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ বোঝায়। এর দ্বারা একটি সমাজের কালোত্তীর্ণ মানদন্ড, নীতি ও প্রথার প্রতি আনুগত্যও বোঝানো হয়। ব্যক্তিপর্যায়ে এর অর্থ হল কর্তব্যনিষ্ঠা ও সততা, তথা চরিত্রনিষ্ঠা। ব্যক্তির সমষ্ঠিতেই প্রতিষ্ঠান সৃষ্টি হয় এবং তাদের সম্মিলিত লক্ষ্য প্রতিষ্ঠানের লক্ষ্যে প্রতিফলিত হয়। প্রতিষ্ঠানিক শুদ্ধাচার প্রতিষ্ঠায় ব্যক্তিপর্যায়ে শুদ্ধাচার অনুশীলন অত্যন্ত গুরুত্বপূর্ণ; সমন্বিত রুপ হিসেবে প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার অনুশীলনও জরুরি।

শুদ্ধাচার কৌশল প্রণয়নের প্রেক্ষাপটঃ

- ❖ প্রাতিষ্ঠানিক নিয়মনীতির উন্নয়ন সাধন।
- ❖ ক্ষেত্রবিশেষে আইন ও পদ্ধতির পরিবর্তন।
- ❖ নতুন আইন ও পদ্ধতির পরিবর্তন।
- ❖ লোকবলের দক্ষতার উন্নয়ন।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাঃ

১. সাংগঠনিক ব্যবস্থাপনা
২. সচেতনতা বৃদ্ধি
৩. দক্ষতা উন্নয়ন
৪. বিদ্যমান আইন ও বিধি-বিধান এর সংস্কার
৫. পুরস্কার প্রদান
৬. শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন
৭. অভিযোগ নিষ্পত্তি
৮. ইনোভেশন টিম
৯. তথ্য অধিকার
১০. মনিটরিং

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের তথ্যঃ-

নির্বাহী প্রকৌশলী
পিএন্ডসি বিভাগ, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, কাকরাইল, ঢাকা।
ফোন: ০২-৯৩৪৩৩৬৩, E-mail:ee.pnc@dphe.gov.bd

ইনোভেশন কার্যক্রম

নাগরিক সেবায় উদ্ভাবন ধারণাটি বিশ্বব্যাপী ব্যাপকভাবে আলোচিত। বাংলাদেশ এ সংক্রান্ত চর্চা ও বাস্তবায়ন শুরু হয়েছে। নাগরিকের প্রয়োজন ও চাহিদা বিবেচনা করে সরকারি সেবা প্রদান প্রক্রিয়ার উন্নয়ন বা সহজিকরণই উদ্ভাবনের প্রাথমিক উদ্দেশ্য। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত সার্কুলার অনুযায়ী গঠিত 'ইনোভেশন টিম' এর তত্ত্বাবধানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উদ্ভাবনী চর্চার প্রাতিষ্ঠানিক রূপায়ন ও দেখভাল সম্পন্ন হয়। ২০১৮-১৯ অর্থ বছরে চলমান ও সম্পন্ন উদ্ভাবনী ধারনাগুলি নিম্নরুপঃ

১। ওয়াশ অভিযোগ বক্সঃ দূর্যোগে আপনার পাশে
২। অধিদপ্তরীয় সকল পর্যায়ের কর্মকর্তাদের কন্ট্রাক্ট ডিরেক্টরী মোবাইল এপ্লিকেশন প্রস্তুত
৩। ওয়েব এপ্লিকেশন এর মাধ্যমে অনলাইনে ভূ-গর্ভস্থ পানির স্থিতিতলের ইউনিয়নভিত্তিক তথ্য সংগ্রহ
৪। উপজেলা ভিত্তিক টিউবওয়েল স্থাপন তথ্য সহায়িকা
৫। পানির উৎস বা টিউবওয়েলের বরাদ্দ প্রদানে গ্রাহকের ভোগান্তি নিরসন
৬। প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ও পানির উৎস মেরামতের সহজ সেবাপ্রাপ্তি



দুইটি উদ্ভাবনী ধারনার ইনফোগ্রাফিক্স

উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নে অধিদপ্তরীয় কর্মচারিগণের মধ্যে সেবা গ্রহীতার প্রকৃত অবস্থা অনুধাবনে সহমর্মীতা, নাগরিক সেবার সমস্যা চিহ্নিতকরণের দক্ষতা এবং কাংখিত পরিবর্তন অন্বেষণে পরীক্ষা-নিরীক্ষার ঝুঁকি গ্রহণের প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গি পরিবর্তনে উদ্ভাবনী প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করা হয়। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও ইনোভেশন টিমের নিয়মিত সভা অনুষ্ঠানের মাধ্যমে উদ্ভাবনী কর্মকান্ড পরিচালনা করা হয়। এছাড়া মেন্টর-মেন্টি নির্বাচন, তালিকা প্রস্তুত ও মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন ও পরামর্শ প্রদানের মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা দেয়া হয়। ২০১৮-১৯ অর্থ বছরের অধিদপ্তরাধীন পাইলটিং প্রকল্পের তালিকা তৈরিপূর্বক ওয়েবসাইটে প্রকাশ ও শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা হয়েছে।

জাতীয় স্যানিটেশন মাসঃ

স্যানিটেশন একটি মৌলিক মানবাধিকার যা জাতিসংঘ কর্তৃক স্বীকৃত। জনস্বাস্থ্য উন্নয়নে গ্রহীত অধিকাংশ কার্যক্রমই স্যানিটেশনের আওতাভুক্ত। বর্তমান সরকার সকলের জন্য স্যানিটেশন সুবিধা দিতে অঙ্গীকারবদ্ধ। স্থানীয় সরকার বিভাগের নেতৃত্বে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরসহ, সংশ্লিষ্ট সরকারী দপ্তরসমূহ, বিভিন্ন উন্নয়ন সহযোগী সংস্থা, এনজিও, স্থানীয় সরকার প্রতিষ্ঠান, গণমাধ্যম এবং সর্বোপরি উপকারভোগী জনগোষ্ঠীর সহযোগিতায় বাংলাদেশে স্যানিটেশন আন্দোলনের অংশ হিসেবে জাতীয় স্যানিটেশন মাস এবং বিশ্ব হাতধোয়া দিবস উদযাপিত হয়ে থাকে। প্রতি বছরের ন্যায় এ বছরও অক্টোবর মাসে সারা দেশব্যাপী জাতীয় স্যানিটেশন মাস উদযাপিত হয়েছে। ২০০৩ সাল থেকে প্রায় প্রতি বছর অক্টোবর মাসে জাতীয় স্যানিটেশন মাস পালিত হয়ে আসছে। পাশাপাশি ২০০৮ সাল থেকে জাতিসংঘের আহবানে আন্তর্জাতিক দিবস হিসেবে ১৫ ই অক্টোবর বিশ্ব হাত ধোয়া দিবস পালিত হয়ে আসছে। এ সকল প্রচারাভিযানের মাধ্যমে জনগনের মধ্যে স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি সম্পর্কিত সচেতনতা বৃদ্ধি পাচ্ছে।

গত ১৫ই অক্টোবর, ২০১৮ তারিখে ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় স্যানিটেশন মাস অক্টোবর ২০১৮ এর উদ্বোধনী অনুষ্ঠান আয়োজিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন এম.পি.। তিনি বলেন, স্বাস্থ্যসম্মত স্যানিটেশন নিশ্চিত না করে দেশ উন্নয়ন সম্ভব নয়। তিনি জাতিসংঘ ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষমাত্রা অর্জনের নির্ধারিত সময়ের আগেই দেশে সবার জন্য উন্নত স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিত করতে সংশ্লিষ্ট সবার প্রতি আহবান জানান। স্যানিটেশন ব্যবস্থার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে জনগনের সচেতনতা বাড়ানো অপরিহার্য বলেও মনে করেন তিনি।

উদ্বোধনী অনুষ্ঠান ছাড়াও কেন্দ্রীয় পর্যায়ে জাতীয় দৈনিকে ক্রোড়পত্র প্রকাশ, প্রেস ব্রিফিং আয়োজন, প্রেস রিলিজ প্রকাশ, স্যানিটেশন ক্যালেন্ডার মুদ্রন ও বিতরণ, বিভিন্ন গনমাধ্যমে স্যানিটেশন সংক্রান্ত চলচ্চিত্র/টিভি স্পটসমূহ প্রচার করা হয়। এর পাশাপাশি জেলা/উপজেলা/বিভাগ/সিটি কর্পোরেশন পর্যায়ে অক্টোবর মাসব্যাপী সংশ্লিষ্ট টাস্কফোর্স কমিটির উদ্যোগে র‍্যালী, জনসমাগম হয় এমন স্থানে ভ্রাম্যমান চলচ্চিত্র প্রদর্শন, বস্তি ও শহরতলী এলাকায় স্যানিটারী ল্যাট্রিন স্থাপন কার্যক্রম পরিচালনা করা হয়।

চিত্র বিশ্ব হাত ধোয়া দিবস ২০১৮ এর অনুষ্ঠান

পরিশিষ্ট

নলকূপ/ পানির উৎস স্থাপনের জন্য স্থান নির্বাচন পদ্ধতি –

নলকূপ/ পানির উৎস স্থাপনের জন্য ইউনিয়ন ওয়ারী বন্টন ও স্থান নির্বাচন পদ্ধতিঃ

উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটি পানিতে আর্সেনিকের মাত্রা, নিরাপদ পানির প্রাপ্যতা, জনগণের সুযোগ সুবিধা, ইউনিয়নের আয়তন, জনসংখ্যা ইত্যাদি বিবেচনা করে ইউনিয়ন গুলোর মধ্যে সুষমভাবে উৎস সমূহের পুনঃবন্টন করবেন।

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-স্থাসবি/পাস-১ /বিঃগ্রঃপাঃসঃ /পিএসি- পিআইসি/ প্রকল্প-০১/২০১০/২৬৯(১০) তারিখ-১৭ নভেম্বর, ২০১১ ইং মোতাবেক পানির উৎসগুলো ব্যক্তি পর্যায়ে স্থাপন না করে কমিউনিটি পর্যায়ে স্থাপন করতে হবে। তাছাড়া অতি দরিদ্র জনগোষ্ঠী যাতে সুপেয় পানির সুবিধা পায় সেদিকে অবশ্যই গুরুত্ব দিতে হবে। যেখানে নিরাপদ পানীয় জলের ব্যবস্থা অপ্রতুল সে এলাকায় অগ্রাধিকার ভিত্তিতে পানির উৎস স্থাপন করতে হবে এবং এডিপির আওতায় বরাদ্দকৃত পানির উৎসের স্থান নির্বাচন উপজেলা পানি সরবরাহ ও স্যানিটেশন (WATSAN) কমিটির মাধ্যমে চুড়ান্ত করতে হবে। তবে বরাদ্দের ৫০% স্থান নির্বাচন সংশ্লিষ্ট সংসদ সদস্যের সহিত পরামর্শক্রমে চুড়ান্ত করতে হবে।

ধরনওয়ারী নলকূপ/পানির উৎস স্থাপন সম্পর্কিত নীতিমালাঃ-

ভূগর্ভস্থ পানির স্তর বিন্যাসের উপর ভিত্তি করে দেশের সমগ্র এলাকা ৩টি ভাগে বিভক্ত। তন্মধ্যে ৫৮% অগভীর পানি স্তর এলাকা, ৩০% নিম্ন পানি স্তর এলাকা এবং অবশিষ্ট ১২% উপকূলীয় এলাকা। উল্লেখিত এলাকা সমূহে ইতিপূর্বে যথাক্রমে অগভীর নলকূপ, তারা নলকূপ ও গভীর নলকূপ কার্যকর ছিল। দেশের কতিপয় এলাকায় আর্সেনিক দূষণ পরিলক্ষিত হওয়ায় ঐ সকল দূষণ এলাকায় বর্তমানে অগভীর নলকূপ স্থাপন করা সম্ভব হচ্ছে না। আর্সেনিক দূষণ এলাকায় আর্সেনিক সমস্যা নিরসনে জাতীয় নীতিমালা ২০০৪ চ এর বাস্তবায়ন পদ্ধতি নিম্নোক্তভাবে অনুসরন করে নলকূপ/ পানির উৎস স্থাপন করা হবে।

১. আর্সেনিক দূষণ যে সব এলাকায় গভীর ও অগভীর একুইফার (Aquifer) কর্দমস্তর দ্বারা বিভক্ত সে সকল এলাকায় বেনটোনাইট (Bentonite) ক্লেসিলিংসহ গভীর নলকূপ স্থাপন করা হবে।
২. দেশের উপকূলীয় অঞ্চলে গভীর নলকূপ কৃতকার্য বিধায় ঐ সকল এলাকায় বেনটোনাইট (Bentonite) ক্লেসিলিংসহ গভীর নলকূপ স্থাপন করা হবে।
৩. আর্সেনিক দূষণ যে সব এলাকায় গভীর ও অগভীর একুইফার বিভক্ত করার কর্দমস্তর সম্পর্কে কোন নির্ভরযোগ্য তথ্য নেই এরুপ এলাকায় প্রথমে রিংওয়েল ও পিএসএফ স্থাপনের চেষ্টা করা হবে।
৪. আর্সেনিক দূষণ এলাকায় যদি রিংওয়েল ও পিএসএফ স্থাপন প্রযুক্তিগত ভাবে বাস্তব সম্মত না হয় তাহলে ঐ সকল এলাকায় গভীর নলকূপ স্থাপন সংক্রান্ত প্রটোকল অনুযায়ী গভীর হস্তচালিত নলকূপ স্থাপন করা হবে। গভীর নলকূপের সিলিং পদ্ধতি সঠিক হতে হবে যাতে উপরস্থ পানির স্তরের আর্সেনিক দূষিত পানি নিম্নের গভীর Aquifer এর নিরাপদ পানির সাথে মিশে দূষিত করতে না পারে।

নতুন পানির উৎস স্থাপনের ক্ষেত্রে পানির গুনগতমান এর সাথে ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল প্রদানের বিষয়টি বিযুক্তকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন

পানির উৎস স্থাপনের ক্ষেত্রে ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল প্রদানের সাথে নলকূপের পানির গুনগতমানের বিষয়টি বিযুক্তকরণ সম্পর্কিত গাইড লাইন (Guidelines and Recommendation on delinking Contractor`s Payments for Water Quality Results) অত্র দপ্তরের স্মারক নং ৪২১৬(১২০), তারিখ: ২৩/০৪/২০১৩ মোতাবেক জারী করা হয়েছে। উক্ত গাইড নিম্নে বর্ণিত হলো:-

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলীর তত্ত্বাবধানে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের জেলা অফিস এলাকা ভিত্তিক পানির উৎসের প্রযুক্তি চিহ্নিত করবে। অতঃপর জেলা অফিস ইউনিয়ন/ ওয়ার্ড ভিত্তিক নলকূপের গড় গভীরতা নির্ণয় করবে। এক্ষেত্রে কোন জটিলতা/ সমস্যা দেখা দিলে সার্কেল পর্যায়ে নিরসনের প্রচেষ্টা গ্রহন করতে হবে। সমস্যাটি সার্কেল পর্যায়ে নিষ্পত্তি সম্ভব না হলে গ্রাউন্ড ওয়াটার সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর মাধ্যমে অধিদপ্তরের টেকনিক্যাল কমিটির নিকট সিদ্ধান্তের জন্য প্রেরণ করতে হবে। ইউনিয়ন/ওয়ার্ড ভিত্তিক গড় গভীরতার ভিত্তিতে দরপত্র দলিল প্রণয়ন করতে হবে।

২. সংশ্লিষ্ট উপকারভোগীদেরকে অভীষ্ট গভীরতার বিষয়টি অবগত করতে হবে।

৩. নির্দিষ্ট নলকূপের গভীরতা অভীষ্ট গভীরতার °১০% গ্রহন করা যাবে। তবে পরিমাপকৃত ও রেকর্ডকৃত গভীরতার মধ্যে যেন কোন তারতম্য না থাকে তা নিশ্চিত করতে হবে।

৪. মাঠ পর্যায়ের তত্ত্বাবধানে ও পরিদর্শণের মাধ্যমে নিম্নলিখিত বিষয় গুলো নিশ্চিত করতে হবে।
   ক) স্ট্রেইনার সঠিক গভীরতায় বসানো;
   খ) নলকূপের উন্নয়ন ও প্লাটফরম নির্মাণ;
   গ) সঠিক ভাবে পানির নমুনা সংগ্রহ এবং ফিল্ড কিটের দ্বারা আর্সেনিক টেষ্ট;
   ঘ) আইডি প্লেট স্থাপন;
   ঙ) সকল রেকর্ড যথাযথভাবে সংরক্ষণ ও অধিদপ্তরের MIS/GIS ইউনিটে প্রেরণ।

৫. অভীষ্ট গভীরতায় স্থাপিত যে সকল নলকূপের পানির গুণগতমান গ্রহনযোগ্য হবে না ঐ সকল নলকূপের জন্য এডিপিতে পৃথক বরাদ্দ রাখতে হবে। এক্ষেত্রে স্থান নির্ধারণ প্রক্রিয়া অনুসরণ করার প্রয়োজন হবে না। তবে বিষয়টি ওয়াটস্যান কমিটিকে অবহিত করতে হবে এবং এর জন্য সহায়ক চাঁদা সংগ্রহ করতে হবে।

৬. প্রতি অর্থবছরের সেপ্টেম্বর মাসের মধ্যে পানির উৎস স্থাপনের কাজ শুরুর প্রচেষ্টা গ্রহন করতে হবে যাতে করে যথাযথ তত্ত্বাবধান ও পরিদর্শনের মাধ্যমে এর গুণগতমান নিশ্চিত করা যায়।

৭. ২০১৪-১৫ অর্থবছরের সেপ্টেম্বর মাসের মধ্যে পানির গুনগতমানের সাথে ঠিকাদারকে বিল দেয়া সম্পর্কিত দরপত্র দলিলের ধারাটি বিলুপ্ত হবে এবং এ সম্পর্কিত উপরে বর্ণিত গাইড লাইন যথাযথ অনুসরণ করতে হবে।

পানির গুণগতমান পরীক্ষা এবং নমুনা সংগ্রহ সংক্রান্ত গাইডলাইন

পানির গুণগতমান পরীক্ষা এবং নমুনা সংগ্রহ সংক্রান্ত গাইডলাইন (Guidelines and Recommendation on the Process of Testing Water Quality in DPHE Laboratories for newly Installed Water Points) সংশ্লিষ্ট ওয়ার্কিং গ্রুপ কর্তৃক সুপারিশ করা হয়েছে। লাইন নিম্নে বর্ণিত হলো:-

১. তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানির গুণগতমান পরিবীক্ষণ ও সার্ভিলেন্স সার্কেল (WQMSC) – জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত সকল পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষার সার্বিক দায়িত্ব পালন করবেন।

২. সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ অর্থ বছরের শুরুতেই প্রকল্পের আওতায় স্থাপিতব্য পানির উৎসের সংখ্যা সম্পর্কে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন পানির গুণগতমান পরিবীক্ষণ ও সার্ভিলেন্স সার্কেলের (WQMSC) তত্ত্বাবধায়ক প্রকৌশলী কে অবহিত করবেন। স্থাপিতব্য উৎসের পানির গুণগতমান পরীক্ষার জন্য প্রয়োজনীয় তহবিল (HPD বোতল সহ) অর্থ বছরের শুরুতেই সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃক বরাদ্দ করা হবে। নমুনা সংগ্রহ সংক্রান্ত সকল ব্যয় প্রকল্প হতে নির্বাহ করা হবে।

৩. মাঠ পর্যায়ের নির্বাহী প্রকৌশলীদের চাহিদার ভিত্তিতে WQMSC কর্তৃক নমুনা সংগ্রহের জন্য Acidified/ non acidified HDP বোতল সহ সরবরাহ করা হবে যা নির্বাহী প্রকৌশলীগণ
উপজেলা অফিসে বিতরণ করবেন। উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মেকানিকগণের সহায়তায় যথাযথভাবে নমুনা সংগ্রহ করে নির্বাহী প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন। নির্বাহী প্রকৌশলী পরীক্ষার জন্য আঞ্চলিক পরীক্ষাগারে প্রেরণ করবেন। উল্লেখ্য নমুনা সংগ্রহের বোতলে অবশ্যই “Water Point ID” এবং প্রযোজ্য ক্ষেত্রে পরিমাপকৃত গভীরতা লিপিবদ্ধ থাকতে হবে।

৪. নমুনা সংগ্রহের সময় ফিল্ড টেষ্ট কিট দ্বারা মেকানিকগণ পানির গুণগতমান বিশেষত আর্সেনিকের উপস্থিতি পরীক্ষা করবেন। প্রাপ্ত ফলাফল উপজেলা অফিসে সংরক্ষণ করতে হবে।

৫. পরিকল্পনা সার্কেল নতুন ডিপিপি প্রণয়নকালে স্থাপিত পানির উৎসের পানির নমুনা সংগ্রহ ও গুণগতমান পরীক্ষার জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান রাখবে এবং গুণগতমান পরীক্ষার জন্য নলকূপ মেকানিক-কে প্রয়োজনীয় ব্যয় (সম্মানী/ ভাতা) পরিশোধের পদ্ধতি প্রণয়ন করবে। এছাড়া পরীক্ষিত পানির উৎসের মধ্য হতে ৫%-১% পানির উৎসের গুণগতমান পুন:পরীক্ষার জন্য সংশ্লিষ্ট প্রকল্পের সংস্থান রাখবে।

৬. আঞ্চলিক ল্যাবরেটরী পানি পরীক্ষার সকল তথ্য সংরক্ষণ করবে এবং কেন্দ্রীয় ল্যাবরেটরী সংশ্লিষ্ট প্রকল্প অফিস ও নির্বাহী প্রকৌশলীকে তথ্যাদির কপি প্রেরণ করবে। কেন্দ্রীয় ল্যাবরেটরী উক্ত সকল তথ্যাদি ত্রৈমাসিক ভিত্তিতে এমআইএস ইউনিটে ই-মেইলের মাধ্যমে প্রেরণ করবে। উল্লেখ্য, সংরক্ষিত তথ্য অবশ্যই WPID অনুযায়ী হতে হবে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কেন্দ্রীয় ল্যাবরেটরী হতে প্রতিবছর একটি বার্ষিক প্রতিবেদন সেপ্টেম্বর-অক্টোবরের মধ্যে প্রকাশ করতে হবে।

৭. ২০১৪-১৫ অর্থ বছর হতে পানির গুণগতমান পরীক্ষার বিষয়ে বর্ণিত এ প্রজ্ঞাপন যথাযথভাবে অনুসরণ করতে হবে।

Contribution money

Sl.No	Technological Option Of Rural Water Supply	Approximate Cost(Taka) of Installation	Contribution money for the option from the Users (Taka)
1	Shallow Tubewell	22000	1500.00
2	Deep Tubewell (No. 6 Pump)	82000	7000.00
3	Tara (Shallow)	36000	2500.00
4	Tara (Deep)	93000	7000.00
5	Ring Well	90000	3500.00
6	Pond Sand Filter (PSF)	66000	4500.00
7	SST/VSST	23000	2500.00
8	Rain water Harvesting System	42000	1500.00

তথ্য প্রাপ্তির আবেদনপত্র

১। আবেদনকারীর নাম :----------
পিতার নাম :----------
মাতার নাম :----------
বর্তমান ঠিকানা :----------
স্থায়ী ঠিকানা :----------
ফ্যাক্স, ই-মেইল, টেলিফোন ও মোবাইল ফোন নম্বর (যদি থাকে):----------
পেশা :----------
২। কি ধরনের তথ্য (প্রয়োজনে অতিরিক্ত কাগজ ব্যবহার করুন) :----------
৩। কোন পদ্ধতিতে তথ্য পেতে আগ্রহী (ছাপানো/ ফটোকপি/ লিখিত/ ই-মেইল/ ফ্যাক্স/ সিডি অথবা অন্য কোন পদ্ধতি) :----------
৪। তথ্য গ্রহনকারীর নাম ও ঠিকানা :----------
৫। প্রযোজ্য ক্ষেত্রে সহায়তাকারীর নাম ও ঠিকানা :----------
৬। তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম ও ঠিকানা :----------
৭। আবেদনের তারিখ :----------

আবেদনকারীর স্বাক্ষর

আপীল আবেদনপত্র

১। আবেদনকারীর নাম ও ঠিকানা

(যোগাযোগের সহজ মাধ্যম সহ) :----------

২। আপীলের তারিখ :----------

৩। যে আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার নামসহ

আদেশের বিবরণ (যদি থাকে) :----------

৪। যার আদেশের বিরুদ্ধে আপীল করা হয়েছে তার নামসহ

আদেশের বিবরণ (যদি থাকে) :----------

৫। আপীলের সংক্ষিপ্ত বিবরণ :----------

৬। আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ

হবার কারন (যদি থাকে) :----------

৭। প্রার্থিত প্রতিকারের যুক্তি/ভিত্তি :----------

৮। আপীলকারী কর্তৃক প্রত্যয়ন :----------

৯। অন্য কোন তথ্য যা আপীল কর্তৃপক্ষের সম্মুখে উপস্থাপনের জন্য

আপীলকারী ইচ্ছা পোষণ করেন :----------

আবেদনকারীর স্বাক্ষর

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের অধীনে বিভিন্ন চলমান প্রকল্পসমূহের আওতাভুক্ত জেলা ও পৌরসভাসমূহের ম্যাপ:

প্রকল্পের নামঃ থানা সদর ও গ্রোথ সেন্টারে অবস্থিত পৌরসভাসমূহে পাইপ লাইনের মাধ্যমে পানি সরবরাহ ও এনভায়রোনমেন্টাল স্যানিটেশন (পর্ব-২)



ক্রমিক নং	জেলা	পৌরসভা	ক্রমিক নং	জেলা	পৌরসভা
১	বরিশাল	বানারীপাড়া	২৪	মাদারীপুর	শিবচর
২	বরিশাল	বাকেরগঞ্জ	২৫	রাজবাড়ী	পাংশা
৩	বরিশাল	গৌরনদী	২৬	চুয়াডাঙ্গা	দর্শনা
৪	বরগুনা	আমতলী	২৭	চুয়াডাঙ্গা	জীবননগর
৫	বরগুনা	পাথরঘাটা	২৮	যশোর	কেশবপুর
৬	ভোলা	চর ফ্যাশন	২৯	ঝিনাইদহ	কালীগঞ্জ
৭	ভোলা	লাল মোহন	৩০	ঝিনাইদহ	কোট চাঁদপুর
৮	ঝালকাঠি	নলছিটি	৩১	ঝিনাইদহ	মহেশপুর
৯	পটুয়াখালী	গলাচিপা	৩২	ঝিনাইদহ	শৈলকুপা
১০	পটুয়াখালী	কলাপাড়া	৩৩	কুষ্টিয়া	ভেড়ামারা
১১	চাঁদপুর	হাজীগঞ্জ	৩৪	কুষ্টিয়া	কুমারখালী
১২	চাঁদপুর	কচুয়া	৩৫	কুষ্টিয়া	মিরপুর
১৩	চট্টগ্রাম	সন্দ্বীপ	৩৬	সাতক্ষীরা	কলারোয়া
১৪	কুমিল্লা	লাকসাম	৩৭	নওগা	নাজিরপুর
১৫	লক্ষীপুর	রায়পুরা	৩৮	পাবনা	ঈশ্বরদী
১৬	জামালপুর	সরিষাবাড়ী	৩৯	দিনাজপুর	পার্বতীপুর
১৭	কিশোরগঞ্জ	বাজিতপুর	৪০	নীলফামারী	সৈয়দপুর
১৮	কিশোরগঞ্জ	ভৈরব	৪১	হবিগঞ্জ	নবীগঞ্জ
১৯	ময়মনসিংহ	গৌরীপুর	৪২	মৌলভীবাজার	শ্রীমঙ্গল
২০	ময়মনসিংহ	মুক্তাগাছা	৪৩	সুনামগঞ্জ	দিরাই
২১	নেত্রকোনা	মোহনগঞ্জ	৪৪	সুনামগঞ্জ	ছাতক
২২	টাঙ্গাইল	গোপালপুর	৪৫	সিলেট	বিয়ানীবাজার
২৩	মাদারীপুর	কালকিনি			

প্রকল্পের নামঃ বাংলাদেশ রুরাল ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটেশন প্রকল্প



ক্রমিক নং	জেলা	ক্রমিক নং	জেলা
১	বরিশাল	১৮	টাঙ্গাইল
২	পিরোজপুর	১৯	বাগেরহাট
৩	ব্রাহ্মনবাড়িয়া	২০	যশোর
৪	চাঁদপুর	২১	খুলনা
৫	চট্টগ্রাম	২২	সাতক্ষীরা
৬	কুমিল্লা	২৩	মাগুরা
৭	ফেনী	২৪	ঝিনাইদহ
৮	লক্ষীপুর	২৫	নড়াইল
৯	নোয়াখালী	২৬	মৌলভীবাজার
১০	ঢাকা	২৭	সুনামগঞ্জ
১১	কিশোরগঞ্জ	২৮	হবিগঞ্জ
১২	নারায়ণগঞ্জ	২৯	সিলেট
১৩	ফরিদপুর	৩০	কুড়িগ্রাম
১৪	গোপালগঞ্জ	৩১	বগুড়া
১৫	মাদারীপুর	৩২	রংপুর
১৬	মানিকগঞ্জ	৩৩	বরগুনা
১৭	মুন্সীগঞ্জ		

প্রকল্পের নামঃ ৩৭ জেলা টাউন ওয়াটার সাপ্লাই প্রকল্প



ক্রমিক নং	জেলা	ক্রমিক নং	জেলা
১	ফরিদপুর	২০	নীলফামারী
২	শরীয়তপুর	২১	গাইবান্ধা
৩	গোপালগঞ্জ	২২	ঠাকুরগাঁও
৪	রাজবাড়ী	২৩	পঞ্চগড়
৫	মুন্সীগঞ্জ	২৪	লালমনিরহাট
৬	টাঙ্গাইল	২৫	পাবনা
৭	গাজীপুর	২৬	নওগাঁ
৮	মানিকগঞ্জ	২৭	নবাবগঞ্জ
৯	জামালপুর	২৮	ঝালকাঠি
১০	কক্সবাজার	২৯	ভোলা
১১	ফেনী	৩০	বরগুনা
১২	কুমিল্লা	৩১	পটুয়াখালী
১৩	চাঁদপুর	৩২	মাগুরা
১৪	হবিগঞ্জ	৩৩	নড়াইল
১৫	সুনমগঞ্জ	৩৪	মেহেরপুর
১৬	রংপুর	৩৫	সাতক্ষীরা
১৭	বগুড়া	৩৬	কুষ্টিয়া
১৮	কুড়িগ্রাম	৩৭	চুয়াডাঙ্গা
১৯	দিনাজপুর		

প্রকল্পের নামঃ গ্রাউন্ড ওয়াটার ইনভেষ্টিগেশন এন্ড ডেভেলপমেন্ট অব ডীপ গ্রাউন্ড ওয়াটার সোর্স ইন আরবান এন্ড রুরাল এরিয়াস ইন বাংলাদেশ



ক্রমিক নং	জেলা	পৌরসভা
১	ফরিদপুর	ফরিদপুর সদর
২	মানিকগঞ্জ	মানিকগঞ্জ সদর
৩	রাজবাড়ী	রাজবাড়ী সদর
৪	চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সদর
৫	যশোর	যশোর সদর
৬	ঝিনাইদহ	ঝিনাইদহ সদর
৭	কুষ্টিয়া	কুষ্টিয়া সদর
৮	মেহেরপুর	মেহেরপুরসদর
৯	চাপাই নবাবগঞ্জ	চাপাই নবাবগঞ্জ সদর
১০	পাবনা	পাবনা সদর

প্রকল্পের নামঃ পানি সরবরাহ, স্যানিটেশন ও স্বাস্থ্যশিক্ষা প্রকল্প



ক্রমিক নং	জেলা
১	গোপালগঞ্জ
২	নেত্রকোনা
৩	গাইবান্ধা
৪	কুড়িগ্রাম
৫	সিরাজগঞ্জ
৬	সিলেট
৭	কুমিল্লা
৮	কক্সবাজার

প্রকল্পের নামঃ পানি সরবরাহে আর্সেনিক ঝুকি নিরসন প্রকল্প



প্রকল্পের নামঃ বাংলাদেশের ২৩টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প (জিওবি-আইডিবি)

‡Rjv	‡c$imfv
XvKv	‡`vnvi
XvKv	avgivB
‡bvqvLvjx	PvUwLj
‡bvqvLvjx	emÿnvU
ivRkvnx	‡Mv`vMvox
PvuvBbeveMÄ	wkeMÄ
e¸ov	‡kicÿ
w`bvRcÿ	exiMÄ
h‡kvi	gwYivgcÿ
h‡kvi	‡ebv‡cvj
PqvWv½v	AvjgWvsMv
KvzoMvg	Dwjcÿ
wm‡jU	KvbvBNvU
nweMÄ	AvRwgixMÄ
mbvgMÄ	kv‡q¯vMÄ
mbvgMÄ	RMbv_cÿ
ewikvj	gÿv`x
dwi`cÿ	‡evqvjgvix
biwms`x	gvae`x
evþbevwoqv	bexbMi
Uv½vBj	NvUvBj
wmivRMÄ	‡ejKvzP
MvBevÜv	‡Mvwe›`MÄ

প্রকল্পের নামঃ ৩২টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্প



ক্রঃ নং	বিভাগ	সার্কেল	জেলা	পৌরসভা
১	বরিশাল	বরিশাল (২/২)	বরগুনা	বেতাগী
২			পটুয়াখালী	বাউফল
৩	চট্টগ্রাম	চট্টগ্রাম (৬/৯)	ব্রাহ্মণবাড়িয়া	কসবা
৪			চাঁদপুর	ফরিদগঞ্জ
৫			চট্টগ্রাম	মীরসরাই
৬				সাতকানিয়া
৭			কুমিল্লা	চৌদ্দগ্রাম
৮				নাঙ্গলকোট
৯			ফেনী	সোনাগাজী
১০				দাগনভুঞা
১১			নোয়াখালী	সোনাইমুড়ি
১২	রংপুর	রংপুর (৪/৪)	দিনাজপুর	হাকিমপুর
১৩			কুড়িগ্রাম	নাগেশ্বরী
১৪			গাইবান্ধা	সুন্দরগঞ্জ
১৫			ঠাকুরগাঁও	পীরগঞ্জ
১৬	ঢাকা	ঢাকা (৫/৬)	গাজীপুর	কালিয়াকৈর
১৭				শ্রীপুর
১৮			মানিকগঞ্জ	সিংগাইর
১৯			নারায়ণগঞ্জ	সোনারগাঁও
২০			নরসিংদী	রায়পুরা
২১			টাঙ্গাইল	কালিহাতী
২২		ময়মনসিংহ (৪/৬)	জামালপুর	দেওয়ানগঞ্জ
২৩			কিশোরগঞ্জ	করিমগঞ্জ
২৪				কুলিয়ারচর
২৫			ময়মনসিংহ	গফরগাঁও
২৬			শেরপুর	শ্রীবর্দী
২৭				নকলা
২৮		ফরিদপুর (২/২)	ফরিদপুর	নগরকান্দা
২৯			গোপালগঞ্জ	মুকসেদপুর
৩০	রাজশাহী	রাজশাহী (১/১)	রাজশাহী	আড়ানী
৩১	খুলনা	খুলনা (২/২)	খুলনা	চালনা
32			কুষ্টিয়া	খোকসা